দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# ইসলাম ও নৈতিক শিক্ষা

## মডেল টেস্ট- ০১

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা — বিষয় কোড : | 1 | 1 | 1 |

সময় : ৩০ মিনিট — (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

**১. ৮৩ হাজার মাসআলা ও সমাধান লিপিবদ্ধ করা হয়েছে কোন গ্রন্থে?**
ক) আল জুদাইরি ওয়াল হাসবাহ খ) কুতুবে হানাফিয়া
গ) মুসনাদে ইমাম আবু হানিফা ঘ) সহিফা আস সাদিকা

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'হ' ফজরের নামাজ আদায় করার সময় ইচ্ছাকৃতভাবে ফজর নামাজের পূর্বে দুই রাকাআত নামাজ আদায় করেননি। তার বন্ধু 'ম' দুই সেজদার মাঝে সোজা হয়ে না বসে দ্রুততার সাথে নামাজ আদায় করেন।

**২. জনাব 'হ' কী পরিত্যাগ করেছেন?**
ক) সুন্নতে মুয়াক্কাদা খ) সুন্নতে যায়েদাহ
গ) ফরজ ঘ) ওয়াজিব

**৩. জনাম 'ম' এর এ কাজের ফলে–**
ক) নামাজ বিনষ্ট হবে খ) সিজদা সাহু দিতে হবে
গ) পুনরায় নামাজ আদায় করতে হবে ঘ) কোনো অসুবিধা হবে না

**৪. মক্কা থেকে মদিনায় হিজরতকারী মুহাজিরদের সঠিকভাবে সাহায্যকারী মদিনাবাসীকে কী বলা হয়?**
ক) মুহাজির খ) মুজাহিদ গ) মুজতাহিদ ঘ) আনসার

**৫. 'র' দশম শ্রেণির ছাত্র। সে লোকাল বাসে করে যাওয়ার সময় এক বৃদ্ধা মহিলাকে দাঁড়িয়ে থাকতে দেখে নিজের সিট ছেড়ে দিয়ে সে দাঁড়িয়ে স্কুলে যায়। 'র' এর কাজটিতে আখলাকের কোন দিকটি ফুটে উঠেছে?**
ক) তাকওয়া খ) ওয়াদা লঙ্ঘন
গ) নারীর প্রতি সম্মানবোধ ঘ) পারস্পরিক ভ্রাতৃত্ববোধ

**৬. কুরআন মজিদে রুকুর সংখ্যা কতটি?**
ক) ৬৩৪টি খ) ৬১০টি গ) ৫৫৮টি ঘ) ১১৪টি

**৭. মুনাফিকদের অন্যতম বৈশিষ্ট্য হলো–**
i. ঠিকমতো সালাত আদায় করে না
ii. তারা ইয়াতীমদের প্রতি কঠোর
iii. তারা বিচার দিনের অস্বীকারকারী
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮. قد افلح من زكها আয়াতটির অর্থ কী?**
ক) তোমরা প্রত্যেকে দায়িত্বশীল
খ) হে নবি, আপনার পরিচ্ছদ পবিত্র রাখুন
গ) যে নিজেকে পবিত্র রাখবে সে সফলকাম হবে
ঘ) এক মুসলমান অপর মুসলামেনর ভাই

**৯. কোন ইবাদতের বিনিময় জান্নাত ছাড়া আর কিছুই নয়?**
ক) সালাত খ) সাওম গ) হজ ঘ) যাকাত

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'গ' হজের উদ্দেশ্যে আল্লাহর ঘর জিয়ারত করতে যান। তিনি তাওয়াফ জিয়ারতের কাজটি ১৩ জিলহজ তারিখে সমাধা করেন।

**১০. 'গ' এর কর্মকাণ্ডে হজের কোন বিধানটি পালনে ভুল হয়েছে?**
ক) ফরজ খ) ওয়াজিব গ) সুন্নত ঘ) মুস্তাহাব

**১১. জনাব 'গ' কে হজ শুদ্ধ করার জন্য কী করতে হবে?**
ক) পুনরায় তাওয়াফে জিয়ারত করতে হবে
খ) ক্ষমা প্রার্থনা করতে হবে
গ) পুনরায় হজ পালন করতে হবে
ঘ) একটি অতিরিক্ত পশু কুরবানি দিতে হবে

**১২. বর্তমান দুর্মূল্যের বাজারে জনাব 'গ' গরিব ও অসহায় লোকদের আমিষের চাহিদা পূরণ করতে গরু জবাই করে সকলের মাঝে বিতরণ করেন। জনাব 'গ' এর কর্মকাণ্ডে আখলাকের কোন গুণটি প্রতিফলিত হয়েছে?**
ক) সাম্প্রদায়িক সম্প্রীতি খ) ভ্রাতৃত্ববোধ
গ) আমানতদারিতা ঘ) মানবসেবা

**১৩. আল্লামা ওয়াকি (র) এর মতে একজন ছাত্রের একমাত্র বৈশিষ্ট্য কী?**
ক) সঠিক সিদ্ধান্ত নেওয়া খ) অতিরিক্ত পরিশ্রম করা
গ) পাপকাজ বর্জন করা ঘ) সবসময় ইবাদত করা

**১৪. ইসলামি খিলাফতের বিস্তৃতির ফলে অনারবদের ভিন্ন ভিন্ন রীতিতে কুরআন পাঠের কারণে তাদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়। এ বিষয়টিকে হযরত উসমান (রা)-কে অবহিত করেন?**
ক) যায়দ ইবনে সাবিত (রা) খ) হুজায়ফা ইবনে ঈয়ামান (রা)
গ) আব্দুর রহমান ইবনে হারিস (রা) ঘ) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা)

**১৫. হাদিসের মূল বক্তব্যকে কী বলা হয়?**
ক) সনদ খ) মতন গ) রেওয়ায়েত ঘ) রাবি

**১৬. আল-মাওয়িযা শব্দের অর্থ কী?**
ক) সদুপদেশ খ) মহিমান্বিত গ) উপদেশ ঘ) পথনির্দেশ

☐ জনাব (গ) একজন ধনী ব্যক্তি। তিনি নিজস্ব তহবিল থেকে ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত লোকদের মাঝে ত্রাণ বিতরণ করেন।

**১৭. জনাব 'গ' এর কাজের মাধ্যমে কোন খলিফার আদর্শ প্রতিফলিত হয়েছে?**
ক) হযরত আবু বকর (রা) খ) হযরত উমর (রা)
গ) হযরত উসমান (রা) ঘ) হযরত আলি (রা)

**১৮. 'কুল্লিয়াত' কোন বিষয়ক গ্রন্থ?**
ক) চিকিৎসাশাস্ত্র খ) হাদিস বিষয়ক
গ) রসায়নশাস্ত্র ঘ) ভূগোলশাস্ত্র

**১৯. আল্লাহর প্রতি বিশ্বাস ও সওয়াব লাভের আশায় কোন ইবাদত পালন করলে আল্লাহ তায়ালা তার পূর্বের সকল গুনাহ মাফ করে দেবেন?**
ক) রমজান মাসের রোজা পালন খ) জামাআতে সালাত আদায়
গ) অধিক কুরআন তিলাওয়াত ঘ) ধনীদের হজ আদায়

**২০. ইসলাম শিক্ষার মূল উদ্দেশ্য হলো–**
i. জীবনের সর্বক্ষেত্রে আল্লাহর বিধান মেনে নেওয়া
ii. দুনিয়াতে প্রভূত সাফল্য অর্জন করা
iii. আল্লাহর সন্তুষ্টি অর্জন করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২১. ইমানের মূল কোনটি?**
ক) তাওহিদ খ) নবুয়ত গ) রিসালাত ঘ) আখিরাত

**২২. ইয়ামামার যুদ্ধে ৭০ জন কুরআনে হাফিজ শাহাদাতবরণ করেন। এতে হযরত উমর (রা) উদবিগ্ন হয়ে পড়েন। তাঁর উদ্‌বিগ্ন হওয়ার কারণ–**
ক) অনেক সাহাবির শাহাদাতবরণ খ) ইসলাম পরাজয়ের সম্মুখীন
গ) কাফিরদের জয়োল্লাস ঘ) কুরআন বিলুপ্তির আশঙ্কা

**২৩. হজ পালনকালে কোথায় মাগরিব ও এশার সালাত এশার ওয়াক্তে পড়তে হয়?**
ক) মুযদালিফায় খ) মসজিদে নামিরাতে
গ) আরাফার ময়দানে ঘ) মসজিদে খায়েফে

**২৪. আল্লাহ তায়ালা কখন ন্যায়বিচারের মানদণ্ড স্থাপন করবেন?**
ক) মৃত্যুবরণের সাথে সাথে খ) সিরাত অতিক্রম করার সময়
গ) কবরে যাওয়ার সাথে সাথে ঘ) কিয়ামতের দিন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'ক' ট্রাভেল এজেন্সির মালিক। তিনি বাংলাদেশি বেকার লোকদের ভালো চাকরির লোভ দেখিয়ে বিদেশে পাঠানোর নাম করে বিপুল পরিমাণ অর্থ সংগ্রহ করে পালিয়ে যান।

**২৫. 'ক' এর কাজটি কীসের শামিল?**
ক) প্রতারণা খ) ঘুষ গ) সুদ ঘ) কৌশল

**২৬. 'ক' এর কর্মকাণ্ড দ্বারা কলুষিত হয়েছে তার–**
i. পোশাক ii. পেশা iii. আখলাক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৭. 'নিশ্চয় আমি মানুষকে সুন্দরতম গঠনে সৃষ্টি করেছি।' আয়াতটি কোন সূরা থেকে চয়িত হয়েছে?**
ক) সূরা আশ-শামস খ) সূরা আল-ইনশিরাহ
গ) সূরা আদ-দুহা ঘ) সূরা আত-তীন

**২৮. রিসালাতের ঘোষণা দেওয়া হয়েছে কীসের দ্বারা?**
ক) মুহাম্মাদুর রাসুলুল্লাহ খ) লা ইলাহা ইল্লাল্লাহ
গ) কুলহুআল্লাহু আহাদ ঘ) লা শারিকা লাহু

**২৯. জনাব 'র' এর পোশাক-পরিচ্ছদ, চালচলন এতটাই অনুকরণীয় যে, যে কেউ তাকে দেখলে আল্লাহর কথা মনে হবে। 'র' এর কর্মকাণ্ডে কোন হাদিসের শিক্ষা প্রতিফলিত হয়েছে?**
ক) সর্বোত্তম মানুষসংক্রান্ত খ) নিয়ত
গ) বৃক্ষরোপণ ঘ) ধৈর্য ও সহিষ্ণুতা

**৩০. হযরত উসমান (রা) তাঁর সহধর্মিণী রুকাইয়া (রা)- কে নিয়ে কোথায় হিজরত করেছিলেন?**
ক) মদিনা খ) আবিসিনিয়া গ) তায়েফ ঘ) মাদইয়ান

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. জনাব 'ন' টেলিভিশনে হজের অনুষ্ঠান দেখছিল। আরাফাতের ময়দানে লক্ষ লক্ষ মানুষের মহাসমাবেশের চিত্র দেখে সে চিন্তা করতে থাকে মৃত্যুর পরে আমাদেরকে অনুরূপ মহাসমাবেশে উপস্থিত হতে হবে।
জনাব 'ত' একটি বিশেষ বিষয় অধ্যয়নের মাধ্যমে স্রষ্টা ও সৃষ্টিকুলের প্রতি দায়িত্ব সম্পর্কে জানতে পারে। সে একজন বড় ব্যবসায়ী হয়ে উপলব্ধি করে যে, সে উক্ত বিষয়টি না পড়লে বিভিন্ন অন্যায় ও অনৈতিক কাজে জড়িয়ে পড়তো।
   ক. তাওহিদ-এর পরিচয় দাও। ১
   খ. ইমান ও ইসলামের সম্পর্ক বুঝিয়ে লেখো। ২
   গ. জনাব 'ন'-এর ভাবনায় আখিরাতের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. 'ত' এর উপলব্ধির সাথে তুমি কি একমত? বিষয়টি চিহ্নিত করে তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

২. চিত্র-১: দু'জন সহপাঠীর মধ্যে কথা হচ্ছিল। একজন বলল, আমরা একটু কাজ করলেই বিশ্রাম নিতে হয়। বিশ্রাম আমাদের জীবনের অপরিহার্য অংশ। তাহলে যিনি আমাদেরকে সৃষ্টি করেছেন তাঁর কি কোনো ঘুম-নিদ্রা নেই? অপর বন্ধু বলল, না। কোনো তন্দ্রা বা নিদ্রা তাঁকে স্পর্শ করে না। তিনি চিরস্থায়ী ও চিরঞ্জীব।
চিত্র-২: জনাব 'ক' একজন ব্যবসায়ী। গত ঈদে তিনি বাজারের সবচেয়ে দামি গরু ক্রয় করেন। তার পীর বাবার নামে নিজ হাতে কুরবানির পশুটি জবাই করেন। কারণ অন্য কারো হাতে জবাই করালে তারা হয়তো তার পীর বাবার নামে জবাই দেবে না। বিষয়টি জেনে স্থানীয় ইমাম সাহেব জনাব 'ক' এর উদ্দেশে বলেন, "আপনি এমন এক অপরাধ করেছেন যা আল্লাহ তায়ালা ক্ষমা করেন না।"
   ক. আখিরাত কাকে বলে?
   খ. প্রত্যেক সম্প্রদায়ের জন্য পথপ্রদর্শক রয়েছে-বুঝিয়ে লেখো। ২
   গ. চিত্র-১-এর আলোচনায় তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. জনাব 'ক'-এর কর্মকাণ্ড চিহ্নিত করে ইমাম সাহেবের বক্তব্যের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. 'ম' মৃত্যুর পরের হিসাব-নিকাশ সম্পর্কে ভাবতে গিয়ে বেশ কয়েকটি প্রশ্নোত্তর ভালোভাবে শিখে রাখে এবং মনে মনে বলে, মৃত্যুর পরে একটা নির্দিষ্ট সময়ে যখনই তাকে এ ধরনের প্রশ্ন করা হবে সে তাৎক্ষণিক প্রশ্নগুলোর উত্তর দিয়ে দিতে পারবে। তার পিতা বিষয়টি অবগত হয়ে বলেন, শুধু প্রশ্নগুলোর উত্তর মুখস্থ করলে হবে না। অনন্তকালের মুক্তি ও সফলতার জন্য তোমার জীবনের প্রত্যেকটি দিক ও বিভাগে গুনাহ মুক্ত থেকে সৎ ও আদর্শিক জীবনযাপন করতে হবে। আল্লাহর ভয়কে হৃদয়ে সদা জাগরুক রেখে প্রত্যেকটা কাজ করতে হবে।
   ক. ক্বিয়াস কাকে বলে? ১
   খ. হে মানবজাতি! তোমরা পৃথিবীর হালাল ও পবিত্র বস্তু আহার করো- বুঝিয়ে লেখো। ২
   গ. 'ম' এর কাজের মাধ্যমে পরকালের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. পিতার বক্তব্যে কীসের প্রতি বিশ্বাসের বাস্তব চিত্র ফুটে উঠেছে? তা চিহ্নিতপূর্বক এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৪. **তথ্য-১:** রাসুলুল্লাহ (স) বলেন, 'পবিত্রতা ইমানের অর্ধেক' (মুসলিম)।
**তথ্য-২:** জনাব 'গ' একজন ধনী ব্যক্তি। ছোট ভাই মারা যাওয়ার পর তিনি তার ইয়াতীম ভাতিজার দেখাশুনা করেন। তাকে খাবার দাবার দিতে কার্পণ্য করেন না। তার প্রতিবেশী 'হ' এর ঘরে রান্নার সকল সামগ্রী থাকলেও একটুখানি লবণের অভাবে তিনি রান্না করতে পারছিলেন না। তাই তিনি 'গ'-এর কাছে সামান্য লবণ চাইলে জনাব 'গ' তিনি তা সানন্দচিত্তে দিয়ে দেন।
   ক. মক্কি সূরা কাকে বলে? ১
   খ. 'সুন্নাহ হলো আল কুরআনের ব্যাখ্যাস্বরূপ' ব্যাখ্যা করো। ২
   গ. তথ্য-১ এ বর্ণিত রাসুলুল্লাহ (স)-এর হাদিসটি কোন প্রকার হাদিসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
   ঘ. জনাব 'গ' এর কাজে কোনো সূরার শিক্ষা প্রতিফলিত হয়েছে কি? সংশ্লিষ্ট সূরাটি উল্লেখপূর্বক পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. 'ফ' দশম শ্রেণির ছাত্র। পড়ালেখায় সে খুবই মনোযোগী। পাঁচ ওয়াক্ত নামাজ মসজিদে জামাআতের সাথে আদায় করে। তাদের মসজিদের পাশে নির্মিত সকলের বাড়ি সুন্দর ও আরামদায়ক হলেও মসজিদের অবস্থা জরাজীর্ণ। 'ফ'-এর স্বপ্ন সে বড় হয়ে প্রতিষ্ঠিত হলে; এখানে সুন্দর মসজিদ নির্মাণ করবে, যাতে মুসল্লিরা শান্তিতে নামাজ আদায় করতে পারে। তার বড় ভাই জনাব 'র' বর্ষাকালে বাড়ির আশে পাশে প্রচুর গাছ লাগান; এমনকি রাস্তার দু'পাশেও ফলের গাছ লাগান। পথচারী ও পশু-পাখিরা এ ফল খায়। মসজিদের ইমাম সাহেব তাকে বলেন, "তোমার এ কাজ প্রকৃতির ভারসাম্য রক্ষায় বিশেষ ভূমিকা পালন করবে।"
   ক. ফরজে আইন কাকে বলে? ১
   খ. ইজমা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
   গ. 'ফ'-এর মনোবাসনায় কোন হাদিসের শিক্ষা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. মসজিদের ইমাম সাহেবের বক্তব্যের সাথে তুমি কি একমত? 'র'-এর কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. জনাব 'চ' একজন শিল্পপতি। তিনি কারখানার কর্মচারীদের মাসিক বেতন প্রতি মাসে না দিয়ে তিন থেকে চার মাস পর পরিশোধ করেন। এ সময় তিনি বেতনের টাকা অন্যত্র বিনিয়োগ করেন। ফলে কর্মচারীদের মাঝে অসন্তোষ লেগেই থাকে এবং উৎপাদনও আশানুরূপ হয় না। অপরদিকে তার বড় ভাই জনাব 'ল' এ বছর একটি বিশেষ ইবাদত পালন করেন। তিনি পৃথিবীর প্রথম ঘর প্রদক্ষিণ ও বিশেষ দুটি প্রান্তরে অবস্থানসহ নির্দিষ্ট কার্যাবলি সম্পাদন করেন। পৃথিবীর বিভিন্ন ভাষার লোকদের সাথে মিলিত হওয়ার কারণে তার মাঝে বিশ্বভ্রাতৃত্বের চেতনা জাগ্রত হয়।
   ক. ইলম কাকে বলে? ১
   খ. যাকাত হলো ইসলামের সেতুবন্ধন- বুঝিয়ে লেখো। ২
   গ. জনাব 'চ'-এর কর্মকাণ্ডে কার নির্দেশ লঙ্ঘিত হয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
   ঘ. জনাব 'ল' কর্তৃক পালনকৃত ইবাদতটি চিহ্নিতপূর্বক ভ্রাতৃত্ববোধ অনুশীলনে এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭. জনাব 'ম' এমন একটি ইবাদত পালন করলেন যা ইমান ও কুফরের মধ্যে পার্থক্য সৃষ্টিকারী। এ ইবাদতটি এককভাবে পালন করার চেয়ে জামাআতের সাথে আদায় করলে সাতাশ গুণ বেশি সওয়াব পাওয়া যায়। তার বড় বোন 'স'-এর নিকট থাকা স্বর্ণের অলংকারের বাজারমূল্য ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা থেকে ২৪০০০/= (চব্বিশ হাজার) টাকা এলাকায় অসহায় ও দরিদ্র মানুষদের মাঝে বিতরণ করেন।
   ক. ইবাদত কাকে বলে? ১
   খ. বান্দার হকের বর্ণনা দাও। ২
   গ. জনাব 'ম' কোন ইবাদতটি পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩
   ঘ. 'স' যে ইবাদতটি আদায় করেছেন তা চিহ্নিত করে তিনি উক্ত ইবাদতটি সঠিকভাবে পালন করেছেন কিনা তা নির্ণয় করো। ৪

৮. জনাব আব্দুল্লাহ হজ করতে সৌদি আরবে গমন করেন। যাওয়ার সময় তিনি তার ভাই 'খ'-এর নিকট বেশ কিছু নগদ টাকা ও মূল্যবান সামগ্রী রেখে যান। হজ থেকে ফিরে এসে তিনি এ সম্পদ ফেরত চাইলে তার ভাই তা দিতে অস্বীকার করে। অপরদিকে জনাব 'দ' একজন প্রবীণ শিক্ষক ও দীনদার ব্যক্তি। একদিন এক বন্ধু এসে তাকে জিজ্ঞেস করে, বন্ধু। তুমি কি কখনো মিথ্যা বলো না? তিনি আশ্চর্য হয়ে বলেন, আমার উপর এমন কী মহাবিপর্যয় এসেছে যে, আমাকে মিথ্যা বলতে হবে। বন্ধু তখন মন্তব্য করেন, এ বিষয়টি তোমাকে কিয়ামতের দিন বিশেষ উপহার দেবে।
   ক. গিবত কাকে বলে? ১
   খ. নাহি আনিল মুনকার বলতে কী বোঝায়? ২
   গ. 'খ'-এর কাজটি আখলাকের আলোকে ব্যাখ্যা করো। ৩
   ঘ. জনাব 'দ'-এর কর্মকাণ্ডে আখলাকের কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? বন্ধুর মন্তব্যের যথার্থতা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. জনাব 'এক্স' বাংলাদেশের নামকরা বিশ্ববিদ্যালয়ের সেরা ছাত্র। তিনি উচ্চতর ডিগ্রি লাভের জন্য সরকারি বৃত্তি পেয়ে আমেরিকায় গমন করেন। সেখানেও তিনি সর্বোচ্চ ফলাফল করে উক্ত দেশের রাষ্ট্রপতির কাছ থেকে স্বর্ণপদক লাভ করেন। আমেরিকার বিশ্ববিদ্যালয়ে তাকে নিয়োগ দিতে চাইলে তিনি তাতে রাজি না হয়ে বাংলাদেশে ফিরে আসেন ও শিক্ষকতায় নিয়োজিত হন। অপরদিকে তার বন্ধু জনাব 'হ' একটি কোম্পানিতে চাকরি করেন। সময়মতো অফিসে উপস্থিত হন না। কর্তৃপক্ষ কোনো কাজ দিলে তা সঠিকভাবে পালন করেন না। বিভিন্ন অজুহাত দিয়ে কর্তব্য এড়িয়ে যেতে চান। কোম্পানির প্রধান নির্বাহী একদিন তাকে বলেন, "আমাদের প্রত্যেককেই দায়িত্বের ব্যাপারে জিজ্ঞাসা করা হবে।"
   ক. আখলাকে হামিদা কাকে বলে? ১
   খ. 'লজ্জাশীলতা ইমানের একটি শাখা'-হাদিসটি ব্যাখ্যা করো। ২
   গ. জনাব 'এক্স'-এর কর্মকাণ্ডে আখলাকে হামিদার কোন বৈশিষ্ট্যটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. জনাব 'হ'-এর কর্মকাণ্ডে আখলাকে হামিদার যে বৈশিষ্ট্যটি অনুপস্থিত সেটি উল্লেখপূর্বক তার কর্মের কুফল বিশ্লেষণ করো। ৪

১০. জনাব 'ব' একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি অত্যন্ত দায়িত্বশীলতার সাথে অফিসের কাজ সমাধান করেন। অনুমোদিত একটি কোম্পানির অফিসার তাদের কাজ করিয়ে দেওয়ার জন্য জনাব 'ব'-কে একটি এপার্টমেন্ট গিফট করতে চাইলে একক সত্তার কাছে জবাবদিহিতার কথা ভেবে তিনি তা নিতে অস্বীকার করেন। অপরদিকে জনাব 'জ'-তার সহকর্মী জনাব 'হ'-এর পদোন্নতির খবর শুনে খুবই মর্মাহত হন। তিনি 'হ' সাহেবের ক্ষতির জন্য সকল প্রকার কৌশল অবলম্বন করেন। ব্যাপারটি উর্ধ্বতন কর্মকর্তা অবগত হয়ে জনাব 'জ'-কে বলেন, এ কাজের মাধ্যমে আপনি কোম্পানির ঐক্য, সংহতি ও শান্তি-শৃঙ্খলা বিনষ্ট করেছেন।
   ক. ভ্রাতৃত্ববোধ কাকে বলে? ১
   খ. গিবতের পাপ অত্যন্ত ভয়াবহ-কথাটি ব্যাখ্যা করো। ২
   গ. জনাব 'ব'-এর কর্মকাণ্ডে আখলাকে হামিদার কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
   ঘ. উর্ধ্বতন কর্মকর্তার বক্তব্যের সাথে তুমি কি একমত? জনাব 'জ'-এর কর্মকাণ্ড আখলাকের আলোকে চিহ্নিত করে এর কুফল বিশ্লেষণ করো। ৪

১১. জনাব রাশেদ সমাজে বেশ আদর্শবান লোক হিসেবে পরিচিত। একটি মসজিদ প্রতিষ্ঠা নিয়ে এলাকায় লোকদের মধ্যে বিরোধ দেখা দেয়। অনিবার্য সংঘাত থেকে মুক্তি দিতে রাশেদ সাহেব বিবদমান গ্রুপের মাঝে শান্তিপূর্ণভাবে মীমাংসা করে দেন। রাশেদ সাহেবের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব 'হ'। চেয়ারম্যান সাহেব এলাকার লোকদের কারো কোনো সমস্যা আছে কি না তা জানার জন্য রাতের বেলা ঘুরে বেড়ান। কারো বাসায় কান্নার আওয়াজ শুনলে তিনি নিজেই তা সমাধান করার জন্য চেষ্টা করেন। সম্প্রতি ইউনিয়ন পরিষদের জন্য ফার্নিচার কেনা হলে তিনি বেশ কিছু ফার্নিচার পরিষদে না দিয়ে নিজের বাসায় নিয়ে যান।
   ক. মদিনা সনদ কাকে বলে? ১
   খ. কাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়? ব্যাখ্যা করো। ২
   গ. রাশেদ সাহেবের কর্মকাণ্ডে রাসুলুল্লাহ (স)-এর যে গুণটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
   ঘ. তুমি কি মনে কর জনাব 'হ' এর কর্মকাণ্ডে কোনো একজন খলিফার আদর্শ পরিপূর্ণরূপে ফুটে উঠেছে? উক্ত খলিফাকে চিহ্নিতপূর্বক তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

মডেল টেস্ট- ০২

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. কার প্রত্যক্ষ তত্ত্বাবধানে কুরআন সংকলিত হয়?**
ক হযরত আবু বকর (রা)-এর খ হযরত উমর (রা)-এর
গ হযরত উসমান (রা)-এর ঘ হযরত আলি (রা)-এর

**২. আশ-শামস্ সূরার শুরুতে কীসের শপথ করা হয়েছে?**
ক নক্ষত্রের খ চন্দ্রের গ তারার ঘ সূর্যের

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সফিক সাহেব মহানবি হযরত মুহাম্মদ (স)-কে নিয়ে ঠাট্টা-বিদ্রুপ করেন এবং তাঁর সমালোচনা করেন।

**৩. সফিক সাহেবের এরূপ কাজ কার কাজের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক কাফির খ জালিম গ মুরতাদ ঘ মুশরিক

**৪. এমতাবস্থায় সফিক সাহেবের করণীয়–**
i. পুনরায় ইমান আনা ii. খাঁটি মনে তওবা করা iii. অনুশোচনায় দগ্ধ হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. সর্বোত্তম কাজ কী?**
ক মানুষের কল্যাণ করা খ সৃষ্টির সেবা করা
গ জীবের প্রতি দয়া করা ঘ আল্লাহকে স্মরণ করা

**৬. শরিয়তের দৃষ্টিতে আযান দেওয়া কী?**
ক ওয়াজিব খ সুন্নতে মুয়াক্কাদাহ গ সুন্নতে যায়িদাহ ঘ মুস্তাহাব

**৭. ইসলামি শরিয়তে হারাম ঘোষণা করা হয়েছে–**
i. মৃত মাছ খাওয়া ii. মদপান করা iii. মিথ্যা হলফ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. ইসলামের কোন রুকনটি আমাদের একতাবদ্ধ হয়ে কাজ করার শিক্ষা দেয়?**
ক ইমান খ সাওম গ যাকাত ঘ সালাত

**৯. 'দীন হলো কল্যাণ করা'– এটি কার বাণী?**
ক মহান আল্লাহর খ মহানবি (স)-এর
গ আবু বকর (রা)-এর ঘ উসমান (রা)-এর

**১০. সাওম মানুষকে বিরত রাখে–**
i. ক্রোধ-ক্ষোভ থেকে ii. কামভাব থেকে iii. নেতৃত্ব থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. কার মতে, সকল পাপ কাজ বর্জন করা ছাত্রের একমাত্র বৈশিষ্ট্য?**
ক হযরত আলি (রা) খ ইমাম শাফেয়ি (র)
গ ইমাম আবু হানিফা (র) ঘ আল্লামা ওয়াকি (র)

**১২. 'তোমরা আল্লাহর পথে জিহাদ করো, যেভাবে জিহাদ করা উচিত'– এটি কোন সূরার আয়াত?**
ক সূরা বাকারা খ সূরা নিসা গ সুরা হজ ঘ সূরা ফুরকান

**১৩. শরিয়তের সর্বশেষ ও পূর্ণাঙ্গ রূপ কোনটি?**
ক ইসলাম খ ইমান গ তাওহিদ ঘ ইহসান

**১৪. আল্লাহর সাথে কাউকে শরিক করাকে কী বলা হয়?**
ক কুফর খ শিরক গ নিফাক ঘ ফাসিক

**১৫. তাওহিদের ওপর প্রতিষ্ঠিত–**
i. ইসলামের সকল শিক্ষা ও আদেশ ii. প্রচলিত সামাজিক ব্যবস্থা
iii. পরকালীন জীবনের সবকিছু
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. কারা বিচার দিবসকে অস্বীকার করে?**
ক মুশরিকরা খ ইহুদিরা গ ফাসিকরা ঘ কাফিররা

**১৭. যে হাদিসের সনদ রাসুলুল্লাহ (স) পর্যন্ত পৌঁছেছে তাকে কোন হাদিস বলে?**
ক মারফু খ মাওকুফ গ মাকতু ঘ কাওলি

**১৮. আল-কুরআনে পূর্ববর্তী সব আসমানি কিতাবের–**
i. শিক্ষা একত্র করা হয়েছে ii. ভাষা একত্র করা হয়েছে
iii. মূলনীতি একত্র করা হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব নিয়াজ জনগণের ভোট পেতে নির্বাচনের সময় লোক দেখানো ইবাদত করে এবং নিয়মিত মসজিদে সালাত আদায় করে। যদিও অন্য সময় এ বিষয়ে সে উদাসীন থাকে।

**১৯. জনাব নিয়াজ এর মধ্যে কার বৈশিষ্ট্য পলিক্ষিত হয়েছে?**
ক কাফিরের খ মুশরিকদের গ মুনাফিকদের ঘ ফাসিকদের

**২০. এ ধরনের লোকদের পরিণতি–**
i. দুনিয়ায় লাঞ্ছিত জীবনযাপন ii. আখিরাতে কঠোর শাস্তিভোগ
iii. দুনিয়ায় সম্পদের ব্যাপক ক্ষয়-ক্ষতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. একজন মুত্তাকির প্রধান গুণ কোনটি?**
ক সরলতা খ সাহসিকতা গ লজ্জাশীলতা ঘ সত্যবাদিতা

**২২. মানবসেবা কোন ধরনের ইবাদত?**
ক হাক্কুল্লাহ খ হাক্কুন্নাস গ হাক্কুল ইবাদ ঘ হাক্কুল ওয়ালিদাইন

**২৩. মুসলিম বাহিনী মক্কা বিজয় করেছিল–**
i. বিনা রক্তপাতে
ii. কাফিরদের প্রবল প্রতিরোধের মুখে
iii. কোনো প্রকার বাধা ছাড়াই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. 'আল-মানসুরি' গ্রন্থটি কার লেখা?**
ক ইবনে সিনা খ আত-তাবারি গ আল বিরুনি ঘ আল রাযি

**২৫. 'আল-মুকাদ্দিমা' গ্রন্থ কাকে অমরত্বদান করেছে?**
ক ইবনে খালদুনকে খ আল মাসুদিকে
গ মুসা আল খাওয়ারেযমিকে ঘ জাবির ইবনে হাইয়ানকে

**২৬. সুদের মাধ্যমে সমাজে সৃষ্টি হয়–**
i. অর্থনৈতিক বৈষম্য ii. সামাজিক শ্রেণিভেদ iii. জাতীয় প্রবৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. কোন সাহাবি তার সমুদয় সম্পত্তি আল্লাহর রাস্তায় দান করেন?**
ক যায়িদ বিন সাবিত (রা) খ উসমান (রা)
গ আবু বকর (রা) ঘ উমর (রা)

**২৮. 'আমিরুল মুমিনিন ফিল হাদিস' উপাধিটি কার?**
ক আবু হানিফা (র)-এর খ ইমাম বুখারি (র)-এর
গ ইমাম গাযালি (র)-এর ঘ আলি-তাবারি (র)-এর

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মকসুদ সাহেব একজন সম্পদশালী ব্যক্তি। কেউ তার কাছে ধার চাইলে তিনি অতিরিক্ত অর্থের বিনিময়ে ধার দেন। অর্থাৎ চক্রবৃদ্ধি হারে তিনি অর্থ আদায় করেন।

**২৯. মকসুদ সাহেবের এরূপ অর্থ আদায়কে শরিয়তে কী বলা হয়?**
ক ঘুস খ মুনাফা গ সুদ ঘ লভ্যাংশ

**৩০. মকসুদ সাহেবের এরূপ কর্মের ফলে তার জন্য অবধারিত হবে–**
i. আল্লাহর অভিসম্পাত ii. যন্ত্রণাদায়ক শাস্তি iii. পার্থিব লাঞ্ছনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড :** | 1 | 1 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. উচ্চ শিক্ষিত মারুফ তার বন্ধু আশিককে বলে, সকল কাজ-কর্ম ও সৃষ্টিতে এক আল্লাহকে বিশ্বাস করার মাধ্যমে মানুষের মুক্তি ও সফলতার দ্বার উন্মুক্ত হয়। আশিক বলে, এগুলো বিশ্বাস না করেও আমি একজন ভালো মানুষ হিসেবে সকলের কাছে পরিচিত। তাই এ বিশ্বাসগুলো আমার কাছে গুরুত্বপূর্ণ নয়।

ক. ইসলাম কাকে বলে? ১
খ. আসমানি কিতাবে বিশ্বাস অপরিহার্য কেন? ২
গ. মারুফের বক্তব্যে কোন বিষয়ের প্রতি বিশ্বাস প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আশিকের মন্তব্যে যে বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে এর পরিণতি বিশ্লেষণ করো। ৪

২. আনিস সাহেবের একমাত্র ছেলে নাবিল ডেঙ্গু জ্বরে আক্রান্ত হলে তিনি তার সুস্থতার জন্য পীরের কাছে প্রার্থনা করেন এবং পীরের নামে ছাগল জবাই করেন। অন্যদিকে, আশফাক সাহেব তার ব্যবসায়ী বন্ধু সাইফ সাহেবকে একমাসের জন্য ৫ লাখ টাকা ধার দেন। সঠিক সময়ে তা ফেরত চাইলে সামর্থ্য থাকা সত্ত্বেও সাইফ সাহেব টাকা ফেরত দিতে অস্বীকার করেন।

ক. 'তকদির' কাকে বলে? ১
খ. ইমান ও ইসলামের সম্পর্ক ব্যাখ্যা করো। ২
গ. আনিস সাহেবের কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সাইফ সাহেবের চরিত্রে যে বিষয়টি প্রকাশ পেয়েছে তা চিহ্নিত করে এর কুফল ও পরিণতি বিশ্লেষণ করো। ৪

৩. শরীফ সাহেব মনে করেন, কিয়ামত পর্যন্ত পৃথিবীতে যত মানুষের আগমন ঘটবে তাদের হেদায়েতের জন্য আল্লাহ তায়ালা নবি-রাসুলের আগমন ঘটাবেন। এ ধারা বন্ধ হয়ে যায়নি। অন্যদিকে, আশফাক সাহেবের বিশ্বাস মানুষকে ইহকালীন সকল কাজের জন্য জবাবদিহি করতে হবে। সেই জীবনের শুরু আছে কিন্তু শেষ নেই।

ক. শাফাআত কাকে বলে? ১
খ. 'জাহান্নামের উপর সিরাত স্থাপিত হবে'- ব্যাখ্যা করো। ২
গ. শরীফ সাহেব ইমানের কোন বিষয়টি অবিশ্বাস করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. আশফাক সাহেবের বিশ্বাস চিহ্নিত করে সৎকর্মশীল জীবন গঠনে এর প্রতি বিশ্বাসের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৪. ফয়সাল সাহেব ইসলামি নিয়ম-নীতি, বিধি-বিধান যথাযথভাবে মেনে চলার চেষ্টা করেন। তিনি মনে করেন, আল্লাহ ও তাঁর রাসূল (স) প্রদত্ত বিধি-বিধান ও আদেশ-নিষেধ না মানলে মুসলিম থাকা যায় না। অপরদিকে, তার বন্ধু রইস সাহেব নিয়মিত এমন একটি মহান গ্রন্থ পাঠ করেন যাতে কোনো অস্পষ্টতা, বক্রতা বা জটিলতা নেই। অতি সাধারণ মানুষও এর থেকে শিক্ষা গ্রহণ করতে পারে।

ক. সনদ কাকে বলে? ১
খ. ওয়াজিব বলতে কী বোঝায়? ২
গ. ফয়সাল সাহেব কোন বিষয়টি মেনে চলার চেষ্টা করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. রইস সাহেব এর পঠিত মহান গ্রন্থটির অবতরণ পদ্ধতি বিশ্লেষণ করো। ৪

৫. আতিক সাহেব মনে করেন, 'নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি আছে'। তাই যখনই তিনি সময় পান তখনই ইবাদতে মশগুল থাকেন এবং তার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করেন। তিনি তার ছেলেকে উপদেশ দিয়ে বলেন- তুমি এমন লোকদের সাথে চলাফেরা করবে যাদের দেখলে আল্লাহর কথা স্মরণ হয়।

ক. হাদিস কাকে বলে? ১
খ. হারাম বর্জনীয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. আতিক সাহেবের কর্মটি কোন সূরার বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছেলের প্রতি আতিক সাহেবের উপদেশটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. রহমান সাহেব একজন বিত্তশালী ব্যক্তি। তিনি নিয়মিত নামাজ পড়েন ও রোজা রাখেন। কিন্তু তিনি নিজ আত্মীয়-স্বজন ও প্রতিবেশীর খোঁজ-খবরও রাখেন না, আর্থিকভাবে কাউকে সাহায্য-সহযোগিতাও করেন না। অন্যদিকে, তার বন্ধু রহিম সাহেব বছর শেষে তার অতিরিক্ত সম্পদের ৪০ ভাগের এক ভাগ গরিব আত্মীয় ও দরিদ্রদের মাঝে সুষ্ঠুভাবে বণ্টন করে দেন।

ক. ইবাদত কাকে বলে? ১
খ. হজের ওয়াজিব কাজগুলো লেখো। ২
গ. রহমান সাহেবের কর্মকাণ্ডে কোন প্রকার ইবাদত লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিম সাহেবের কাজটি চিহ্নিত করে এর অর্থনৈতিক ও ধর্মীয় গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭. ইসলাম শিক্ষার শিক্ষক রায়হান সাহেব শ্রেণিতে শিক্ষা ও নৈতিকতার গুরুত্ব সম্পর্কে বলেন- নৈতিকতাহীন শিক্ষা অর্থহীন। শিক্ষার সঙ্গে নৈতিকতার সমন্বয় আবশ্যক। এটি ছাড়া মনুষত্বের বিকাশ সাধিত হয় না।

ক. ইলম কাকে বলে? ১
খ. 'সাওম ঢালস্বরূপ'- ব্যাখ্যা করো। ২
গ. শিক্ষার্থীরা কীভাবে নৈতিকতা অর্জন করবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. শিক্ষক রায়হান সাহেবের বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৮. নিয়াজ সাহেব সর্বদা আল্লাহ ও তাঁর রাসুলের নির্দেশিত পথে চলেন এবং সকল প্রকার অন্যায় ও পাপাচার থেকে বিরত থাকার চেষ্টা করেন। অন্যদিকে তার বন্ধু রিয়াজ সাহেবের কোনো কাজ, ঘটনা বা বিষয়কে বিকৃতভাবে অন্যের কাছে উপস্থাপন করে, যা একটি মহাপাপ।

ক. মিতব্যয়িতা কাকে বলে? ১
খ. গিবতের স্বরূপ ব্যাখ্যা করো। ২
গ. নিয়াজ সাহেবের চরিত্রে আখলাকে হামিদার কোন বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. রিয়াজ সাহেবের কর্মকাণ্ডটি চিহ্নিত করে এর প্রভাব ও পরিণতি বিশ্লেষণ করো। ৪

৯. আব্দুর রউফ সাহেব একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি জনসাধারণের জন্য কাজ করে অতিরিক্ত অর্থ নিয়ে আরাম-আয়েশে জীবনযাপন করেন। তার ছোট ভাই আদনান আজে-বাজে বন্ধুদের সাথে নিয়ে ছিনতাই, রাহাজানি, অপহরণ ইত্যাদি কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। ফলে সমাজের মানুষ নিরাপত্তাহীনতায় ভুগতে থাকে।

ক. আমানত কাকে বলে? ১
খ. 'লজ্জাশীলতার পুরোটাই কল্যাণময়'- ব্যাখ্যা করো। ২
গ. আব্দুর রউফ সাহেবের এ ধরনের জীবনযাপনে আখলাকে যামিমার কোন দিকটি প্রকাশ পায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. আদনানের কর্মকাণ্ডটি চিহ্নিত করে পাঠ্যবইয়ের আলোকে এর কুফল ও পরিণতি বিশ্লেষণ করো। ৪

১০. **প্রেক্ষাপট-১:** নির্জনপুর গ্রামের অধিকাংশ মানুষ নিরক্ষর। তারা কারণে- অকারণে ঝগড়া-বিবাদে লিপ্ত থাকে। সেখানে নারীদের ভোগ্য পণ্য হিসেবে ব্যবহার করা হতো। গ্রামবাসী বিনোদনের জন্য রাতের বেলা মদ্যপান ও জুয়া খেলায় মত্ত থাকতো।

**প্রেক্ষাপট-২:** আসিফ সাহেব নিজ উদ্যোগে বেশকিছু ভালো কাজ করতে চাইলে কিছু স্বার্থান্বেষী মহল তার বিরোধিতা করে এবং তাকে এলাকা ছেড়ে যেতে বাধ্য করে। তিনি অন্য এলাকায় গিয়ে বসবাস করেন এবং জনগণের প্রতিনিধি হিসেবে নির্বাচিত হন। সেখানে তিনি সকল বর্ণ ও গোত্রের মানুষদের নিয়ে একটি লিখিত সনদ প্রণয়ন করেন।

ক. 'হারবুল ফিজার' কাকে বলে? ১
খ. হযরত আলি (রা)-কে 'জ্ঞানের শহরের দরজা' বলা হয় কেন? ২
গ. প্রেক্ষাপট-১ এর চিত্রটি কোন সমাজ ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রেক্ষাপট-২ এ উল্লিখিত সনদের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সনদের সাদৃশ্য আছে? বিশ্লেষণ করো। ৪

১১. জনাব আনিস সাহেব জনপ্রতিনিধি হিসেবে নির্বাচিত হয়ে এলাকার সকলের উদ্দেশে বলেন- যতদিন আমি আল্লাহ ও রাসুল (স)-এর অনুসরণ করবো, ততদিন তোমরা আমার অনুসরণ করবে এবং আমার ভুলগুলো শুধরিয়ে দিবে। অন্যদিকে তার বন্ধু বেলাল আহমাদ একজন বিত্তবান ও আল্লাহভীরু লোক। তিনি এলাকার মানুষের পানির অভাব দূর করেন। স্থানীয় মসজিদে মুসল্লিদের স্থান সংকুলান না হওয়ায় ব্যক্তিগত খরচে মসজিদ সম্প্রসারণ করেন।

ক. হুদায়বিয়ার সন্ধি কাকে বলে? ১
খ. জাবির ইবনে হাইয়ানকে রসায়ন শাস্ত্রের জনক বলা হয় কেনো? ২
গ. আনিস সাহেবের বক্তব্যে কোন খলিফার বক্তব্যের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব বেলাল আহমাদ এর কর্মে কোন খলিফার কর্মের প্রতিফলন ঘটেছে তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৩

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ইমাম আবু আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে ইয়াজিদ (র)-এর সংকলিত গ্রন্থের নাম কী?**
ক সুনানে আবু দাউদ খ সুনানে নাসাই
গ সুনানে ইবনে মাজাহ ঘ জামি তিরমিযি

**২. শরিয়তের ভাষ্য অনুযায়ী প্রত্যেক বিষয়–**
ক মুবাহ খ পবিত্র গ হারাম ঘ সুস্পষ্ট

**৩. تَلَفًا (তালাফান) অর্থ কী?**
ক খরচকারী খ দানকারী গ ক্ষতি ঘ প্রতিদান

**৪. জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান। কোন সূরার শিক্ষা?**
ক সূরা আশ-শামস খ সূরা আদ্-দুহা
গ সূরা আত-তীন ঘ সূরা আল-ইনশিরাহ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সানিন সুললিত কণ্ঠে ও তাজবিদসহ কুরআন তিলাওয়াত করে না। তার বাবা বললেন, তুমি কুরআনের মর্যাদা রক্ষা করে তা তিলায়াত করবে। তাহলে তোমার আমলনামায় নেকি জমা হবে।

**৫. যে ব্যক্তি সুললিত কণ্ঠে কুরআন তিলাওয়াত করে না, সে ব্যক্তি প্রতিষ্ঠিত নয়–**
ক আল্লাহর আইনের ওপর
খ আল্লাহ ও রাসুলের সংবিধানের ওপর
গ সুদৃঢ় ভিত্তির ওপর
ঘ রাসুলুল্লাহ (স)-এর নীতির ওপর

**৬. যে তাজবিদ মেনে একটি হরফ পাঠ করবে, সে কয়টি নেকি লাভ করবে?**
ক একটি খ তিনটি গ দশটি ঘ অনেক

**৭. জিহাদের সর্বোচ্চ স্তর কোনটি?**
ক স্বীয় নফসের সাথে জিহাদ করা
খ জ্ঞানের সাহায্যে জিহাদ করা
গ সন্ত্রাসবাদ এড়িয়ে চলা
ঘ ইসলামের শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করা

**৮. 'আমি মহান নৈতিক গুণাবলিকে পরিপূর্ণতা দান করার জন্যই প্রেরিত হয়েছি।' কোন গ্রন্থের উক্তি?**
ক আল-কুরআন খ বুখারি গ মুসলিম ঘ মিশকাত

**৯. সাধারণ মানুষ হাজিদের সম্মান করে কেন?**
ক গুনাহ মাফের কারণে
খ মক্কা-মদিনা যিয়ারতের কারণে
গ প্রচুর বরকত লাভের কারণে
ঘ আল্লাহর ঘর তাওয়াফ করার কারণে

**১০. যাকাত মানুষের মনে খোদাভীতি সৃষ্টি করে। এটি যাকাতের–**
ক নৈতিক গুরুত্ব খ ধর্মীয় গুরুত্ব
গ তাত্ত্বিক গুরুত্ব ঘ পরকালীন গুরুত্ব উপলব্ধির সোপান

**১১. 'বিরত থাকা' কোন শব্দের অর্থ?**
i. সাওম ii. তাকওয়া iii. আল-আমরু
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**১২. এক মুসলিমের ওপর অপর মুসলিমের শেষ অধিকার কোনটি?**
ক সালামের জবাব দেওয়া খ রোগীকে দেখতে যাওয়া
গ দাওয়াত কবুল করা ঘ হাঁচির জবাব দেওয়া

**১৩. 'সদুপদেশ' কোন শব্দের অর্থ?**
ক আল-মাওয়িযা খ আয-যিকর
গ আল-বুরহান ঘ আল-হিকমা

**১৪. হিমু প্রায়ই ইসলামের নিদর্শন নিয়ে ঠাট্টা করে। ইসলামের দৃষ্টিতে হিমু–**
ক ফাসিক খ কাফির গ মুনাফিক ঘ মুশরিক

**১৫. বনি ইসরাইলের মধ্যে যারা কুফরি করেছে তাদেরকে অভিশাপ দিয়েছেন-**
i. হযরত মুসা (আ) ii. হযরত ইসা (আ) iii. হযরত দাউদ (আ)
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**১৬. ফিতনাকে হত্যার চেয়েও জঘন্য বলা হয়েছে কোন সূরায়?**
ক বাকারা খ নিসা গ মায়িদা ঘ আশ-শামস

**১৭. 'সুদ' কোন ভাষার শব্দ?**
ক বাংলা খ হিন্দি গ উর্দু ঘ ফার্সি

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
রিমন ও সুমন একই অফিসে চাকরি করে। রিমন নিজ দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করে। পক্ষান্তরে সুমন নিজ দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করে না।

**১৮. রিমনের আচরণে কোন গুণের বহিঃপ্রকাশ ঘটেছে?**
ক আখলাকে হামিদার খ আমানতের
গ সম্মানবোধের ঘ দেশপ্রেমের

**১৯. সুমনের আচরণের ফলে সে–**
i. আল্লাহর অসন্তুষ্টি অর্জন করবে
ii. দুনিয়াতেই রাসুলুল্লাহ (স)-এর অসন্তুষ্টি অর্জন করবে
iii. প্রতারক হিসেবে ভূষিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও iii ঘ i, ii ও iii

**২০. 'কাওয়ায়েদুল হান্দাসা' কার রচনা?**
ক উমর খৈয়াম খ আল-খাওয়ারেযমি
গ নাসির উদ্দিন তুসি ঘ ইবনে হায়সাম

**২১. কার লেখায় সোনা, রূপাসহ বিভিন্ন খনিজ পদার্থের বর্ণনা পাওয়া যায়?**
ক জুননুন মিসরি খ জাবির ইবনে হাইয়ান
গ আল কিন্দি ঘ ইবনে আব্দুল মালিক আল কাসি

**২২. কোন খলিফার নির্দেশে বিষ প্রয়োগ করে ইমাম আবু হানিফা (র)-কে হত্যা করা হয়?**
ক খলিফা মামুন খ খলিফা আল মাহমুদ
গ খলিফা ইয়াযিদ ঘ খলিফা আল-মনসুর

**২৩. হযরত আলি (রা)-এর ডাক নাম কী ছিল?**
ক আবু হুসাইন খ আবু তোরাব গ আবুল মুনযির ঘ আবু যায়েদ

**২৪. মহানবি (স)-এর আবির্ভাবের পূর্বে নবি ও রাসুলের শিক্ষা ভুলে অসামাজিক কার্যকলাপে লিপ্ত হয়ে পড়েছিল–**
ক দুনিয়ার মানুষ খ মক্কার মানুষ গ মদিনার মানুষ ঘ আরব সমাজের মানুষ

**২৫. সকল রাজা-বাদশাহ ও রাষ্ট্রপ্রধানের জন্য অনুসরণীয় আদর্শ কী?**
ক হযরত মুহাম্মদ (স)-এর ব্যবসায় সততা
খ হযরত আবু বকর (রা)-এর ভাষণ
গ হযরত উমর (রা)-এর ন্যায়বিচার
ঘ রাষ্ট্রীয় সম্পদ ব্যয় করার ক্ষেত্রে হযরত আবু বকরের (রা) সতর্কতা

**২৬. বস্তুত আকাইদের বিষয়গুলোর ওপর বিশ্বাসের মাধ্যমে মানুষ কীসে প্রবেশ করে?**
ক ইমানি কার্যকলাপে খ জীবন দর্শনে
গ ইসলামে ঘ তাওহিদি আকিদায়

**২৭. শান্তির আরবি কী?**
i. ইসলাম ii. ইমান iii.সিলমুন
**নিচের কোনটি সঠিক?**
ক i খ iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৮. কোন বিশ্বাস মানুষকে ইবাদত ও সৎকর্মে উৎসাহিত করে?**
ক তাওহিদ খ আখিরাত গ রিসালাত ঘ আসমানি কিতাব

**২৯. নবি-রাসুলগণ বিশেষ বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন–**
ক সুবিবেচক হিসেবে
খ সার্বোত্তম চরিত্রের অধিকারী হিসেবে
গ দীন প্রচারক হিসেবে
ঘ মনোনীত বান্দা হিসেবে

**৩০. 'সে তো ছিল আমার বিশুদ্ধচিত্ত বান্দাদের অন্তর্ভুক্ত'– এখানে কার কথা বলা হয়েছে?**
ক মহানবি (স) খ হযরত মুসা (আ)
গ হযরত ইউসুফ (আ) ঘ হযরত ইবরাহিম (আ)

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড :** | 1 | 1 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. সাকিব তার বন্ধু রাকিবকে বলল, এমন কোনো মনোভাব পোষণ করবে না যাতে ইসলামের মূল বিষয়ই নড়বড়ে হয়ে যায়। রাকিব বলল, আমি এমন একটি বিষয়ে বিশ্বাস করি, যা আমাকে পুণ্য কাজ করতে উৎসাহ যোগায়। উভয়ের আলোচনা শুনে তাদের শিক্ষক জনাব হেদায়েতুল্লাহ বললেন, "এমনভাবে জীবন গঠন কর যাতে তোমরা মুমিন ও মুত্তাকি হয়ে জীবনযাপন করতে পার।"
- ক. وَمَنْ هٰذَا الرَّجُلُ (ওয়ামান হাযার রাজুলু) অর্থ কী? ১
- খ. "আর আমি কিয়ামতের দিন ন্যায়বিচারের মানদণ্ড স্থাপন করবো"- বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. সাকিবের বক্তব্য অনুযায়ী কীরূপ মনোভাব পোষণ করলে ইমানের মূল বিষয় নড়বড়ে হয়ে যায়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. সাকিবের বক্তব্য অনুযায়ী কোন বিশ্বাস তাকে পুণ্য কাজ করতে উৎসাহ যোগায় তা উল্লেখ করে শিক্ষক জনাব দেহায়েতুল্লাহর বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. মিনহাজ কোনো কাজে সফল হলে মহান আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করে না। সমাজে সে অবাধ্য হিসেবে পরিচিত। মুনান ফেরেশতাগণকে জগৎ পরিচালানাকারী মনে করে। মসজিদের ইমাম সাহেব উভয়ের মনোভাব জানতে পেরে বললেন, আমরা প্রত্যেকেই মহান আল্লাহর উপর সুদৃঢ় ইমান এনে তাঁর প্রিয়পাত্র হওয়ার চেষ্টা করব। তাহলেই আমাদের ইহকাল ও পরকাল মঙ্গলময় হবে।
- ক. মুনাফিকরা কাদের ন্যায় ইবাদত পালন করে? ১
- খ. "নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র মনোনীত ধর্ম বা জীবন ব্যবস্থা"-বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. মিনহাজের মনোভাব দ্বারা কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
- ঘ. মুনানের মনোভাব চিহ্নিত করে ইমাম সাহেবের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৩. বিশ্বনবি হযরত মুহাম্মদ (স) হলেন মানবতার মহান শিক্ষক। তিনি তাঁর সাথিদের হাতে কলমে শিক্ষা দিতেন। একদিন তাঁর সাথিদের ভালো লোকদের পরিচয় সম্পর্কে অবহিত করলেন। তিনি প্রায়ই ধৈর্য ও সহিষ্ণুতার সুফল সম্পর্কে ব্যাখ্যা করতেন। বিশ্বনবি (স)-এর প্রতিটি কথাই আমাদের জন্য শিক্ষণীয়। তাই পবিত্র আল-কুরআন অনুসরণের পাশাপাশি আমরা আমাদের নবি (স)-এর প্রতিটি হাদিস গুরুত্বের সাথে অনুসরণ করব। এ সম্পর্কে মহান আল্লাহ বলেছেন, "রাসুল তোমাদের যা দেন তা তোমরা গ্রহণ করো। আর তোমাদের যা নিষেধ করেন তা থেকে বিরত থাকো।"
- ক. সুন্নাহ কাকে বলে? ১
- খ. "অতএব, হে চক্ষুষ্মানগণ! তোমরা শিক্ষা গ্রহণ করো"-বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. বিশ্বনবি হযরত মুহাম্মদ (স) ভালো লোকদের পরিচয় সম্পর্কে কী বলেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ধৈর্য ও সহিষ্ণুতা সম্পর্কিত হাদিসটির অর্থ লিখে উদ্দীপকে বর্ণিত বাণীর আলোকে হাদিসের গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৪. মিকদাম সাহেব চৌধুরী বংশের ধর্মীয় নেতা। এ বংশ কয়েকটি গোত্রে বিভক্ত। প্রত্যেক গোত্র নিজস্ব রীতিতে কুরআন তিলাওয়াত করে। যা কুরআনের সঠিক পাঠ পদ্ধতির বিপরীত। মিকদাম সাহেব প্রত্যেক গোত্রকে নির্দেশ দেন যে, খলিফা কুরআন সংকলনের ক্ষেত্রে রাসুল (স)-এর নির্দেশনার কোনোরূপ পরিবর্তন করেননি। তার সংকলনের যে পদ্ধতির বহিঃপ্রকাশ ঘটেছে, তোমরা সে অনুযায়ী কুরআন তিলাওয়াত করো। মহান আল্লাহ বলেছেন- 'আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে।'
- ক. তিলাওয়াত কাকে বলে? ১
- খ. মাদানি সূরার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২
- গ. কুরআন সংকলনের সঠিক পদ্ধতি ব্যাখ্যা করো। ৩
- ঘ. কোন খলিফা কুরআন সংকলনের ক্ষেত্রে রাসুল (স)-এর নির্দেশনার কোনোরূপ পরিবর্তন করেননি? তার নাম উল্লেখ করে উদ্দীপকে উল্লিখিত বাণী অনুযায়ী কুরআন তিলাওয়াতের ফজিলত বিশ্লেষণ করো। ৪

৫. শাবাব ও সানিদ দুই ভাই। শাবাব একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের মালিক। শ্রমিকদের সঠিক মজুরি দিতে প্রায়ই তিনি গড়িমসি করেন। শ্রমিকরা তাদের ন্যায্য পারিশ্রমিক পেতে একদিন প্রতিষ্ঠানে প্রতিবাদস্বরূপ স্লোগান দেওয়া শুরু করেন। এতেও তার টনক নড়েনি। সানিদ একজন ডাক্তার। গরিবদের তিনি ফ্রি চিকিৎসা দেন। একদিন তার প্রাইমারি স্কুলের শিক্ষক চিকিৎসার জন্য তার কাছে আসলে তাকে দাঁড়িয়ে সম্মান জানিয়ে তার যথাযথ চিকিৎসা সেবা দেন। শিক্ষক সন্তুষ্ট হয়ে তার জন্য দোয়া করেন। এতেই সানিদ সন্তুষ্ট হন।
- ক. শিক্ষা কাকে বলে? ১
- খ. "শ্রমিককে তার সাধ্য ও সামর্থ্যের বাইরে কোনো কাজ দেওয়া যাবে না"- বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. শাবাবের আচরণে কার আদর্শ লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. সানিদ তার শিক্ষকের যোগ্য উত্তরসূরি- এ উক্তিটির আলোকে একজন আদর্শ শিক্ষার্থীর বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ৪

৬. জনাব 'ক' একজন লোভী মানুষ। সন্ত্রাসবাদের মাধ্যমে সে প্রচুর সম্পদের মালিক হয়েছে। সবসময় বিশৃঙ্খলা ও তাণ্ডবলীলার মাধ্যমে নিজের শ্রেষ্ঠত্ব ও কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে ব্যস্ত থাকেন। এ বিষয়ে তার মনোভাব জানতে চাওয়া হলে সে বলে, সমাজে টিকে থাকতে হলে এভাবে জিহাদ চালিয়ে যাওয়া অবৈধ নয়। ইহতেশাম স্বীয় লেখনী ও বক্তৃতার মাধ্যমে ইসলামকে সমুন্নত করার জন্য চেষ্টা করেন। এ বিষয়ে তার মনোভাব জানতে চাওয়া হলে তিনি বলেন, আল্লাহর জমিনে আল্লাহর দীন প্রতিষ্ঠাই আমার উদ্দেশ্য।
- ক. সন্ত্রাসবাদের আরবি প্রতিশব্দ কী? ১
- খ. "যাতে সম্পদ শুধু তোমাদের অর্থশালীদের মধ্যেই আবর্তিত না হয়"-বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. জনাব 'ক'-এর মনোভাব অনুযায়ী তার কাজটি জিহাদ- এ কথাটি কতটুকু সঠিক? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ইহতেশামের কাজটিকে এককথায় কী বলে তা উল্লেখ করে তার বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭. লাভলু অতিরিক্ত অর্থ নেওয়া ছাড়া কোনো ফাইলে স্বাক্ষর করে না। দীপু বাবার পরিশ্রমের অর্থে লেখাপড়া শেষ করে বাড়িতে বসে থাকে। বাবা তাকে কোনো ভালো কর্মে নিযুক্ত হতে বললে সে বলে, আমার পক্ষে তোমার কথা মেনে চলা সম্ভব নয়। আমি পাঁচ ওয়াক্ত সালাত মসজিদে আদায় করবো এবং অবশিষ্ট সময় বাসায় বসে ইবাদতের মধ্যে অতিবাহিত করতে চাই। বাবা তাকে শোনালেন- "হালাল উপায়ে জীবিকা উপার্জন করা ফরজের পর আরও একটি ফরজ কাজ।"
- ক. কর্তব্যপরায়ণতা কাকে বলে? ১
- খ. "নিশ্চয়ই আল্লাহ তায়ালা খিয়ানতকারীদের পছন্দ করেন না"-বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. লাভলুর কাজটি ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩
- ঘ. দীপুর মনোভাব দ্বারা কী প্রকাশ পায় উল্লেখ করে উদ্দীপকে বর্ণিত শেষ বাণীটির আলোকে হালাল উপার্জনের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৮. মিকদাদ প্রকাশ্য-গোপন পাপ থেকে বিরত থাকার চেষ্টা করে। মিকরান কথা-বার্তা, আচার-আচরণ ও চলাফেরার গর্ব-অহংকার ও ঔদ্ধত্য ত্যাগ করে চলে। এলাকার লোকজন দুজনকেই ভালোবাসে। তাদেরকে উদ্বুদ্ধ করে এলাকার মসজিদের ইমাম সাহেব বললেন, তোমাদের আচরণ অনুসরণ করে অন্যরা মানবিক ও নৈতিক গুণাবলির চর্চা করতে পারে। সুন্দর, সুষ্ঠু ও সুরুচিপূর্ণ জীবনযাপনে উৎসাহিত হতে পারে।
- ক. জীবনের শ্রেষ্ঠ সম্পদ কী? ১
- খ. "সত্যবাদিতা মুক্তি দেয়, আর মিথ্যা ধ্বংস ডেকে আনে।" বাণীটি ব্যাখ্যা করো। ২
- গ. মিকদাদের আচরণ দ্বারা কী প্রকাশ পায়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. মিকরানের আচরণ দ্বারা কী প্রকাশ পায় তা উল্লেখ করে ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯. মুসতায়িন বিদ্যালয়ের বেঞ্চ নষ্ট করে। বেঞ্চে অপ্রয়োজনীয় কথা-বার্তা লেখে। অন্য সহপাঠীদের চোখে ফাঁকি দিয়ে খাবার উচ্ছিষ্ট বেঞ্চের ডেস্কে রেখে দেয়। তার বন্ধু মুসতাকিম জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল সহপাঠীকে ভালোবাসে। প্রয়োজনে তাদের সাহায্য-সহযোগিতা করে। প্রতিবেশির কেউ অসুস্থ হলে সেবা করে। তার কৃতকর্ম সম্পর্কে তাকে জিজ্ঞাসা করা হলে সে বলে, আমি বিশ্বনবি (স)-এর হাদিস থেকে উদ্বুদ্ধ হয়ে এমন আচরণ করি।

لَايَرْحَمُ اللّٰهُ مَنْ لَايَرْحَمُ النَّاسَ .

"যে ব্যক্তি মানুষের প্রতি দয়া করে না, আল্লাহও তার প্রতি দয়া করেন না।"
- ক. চরম মিথ্যাবাদীকে কী বলে? ১
- খ. "স্বদেশপ্রেম ইমানের অঙ্গ"- ব্যাখ্যা করো। ২
- গ. মুসতায়িনের মধ্যে আখলাকে হামিদার কোন গুণটি অনুপস্থিত ব্যাখ্যা করো। ৩
- ঘ. মুসতাকিম কার হক আদায় করেছে তা উল্লেখ করে উদ্দীপকে বর্ণিত বাণীর আলোকে মানবসেবার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

১০. কামাল সাহেব একজন জনপ্রতিনিধি। জুমআর সালাতের পূর্বে এক সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বললেন, যতদিন আমি ইসলামের অনুসরণ করি, ততদিন তোমরা আমার কাজে সহযোগিতা করবে। ভুল করলে সংশোধন করে দিবে। তিনি এলাকার রাস্তাঘাট ও ধর্মীয় প্রতিষ্ঠান স্বীয় ব্যবসা থেকে এক মাসের অর্জিত অর্থ পুরোটাই দান করে দেন। জামাল সাহেব এলাকার মানুষের পানির তীব্র সংকট দূর করার উদ্দেশ্যে দশটি টিউবওয়েল স্থাপন করেন। তার সহধর্মিনী মিসেস সানজিদা ব্যক্তিগত জীবনে সংসারের সকল কাজ নিজ হাতে সম্পাদন করেন।
- ক. জীবনাদর্শ কী? ১
- খ. হিলফুল ফুযুল গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
- গ. কামাল সাহেবের চরিত্রে কার আদর্শ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. মিসেস সানজিদার কাজের মাধ্যমে কোন মহীয়সী রমণীর আদর্শের সাথে মিল পাওয়া যায় তা উল্লেখ করে জামাল সাহেবের কর্ম হযরত উসমান (রা)-এর জীবনাদর্শের আলোকে মূল্যায়ন করো। ৪

১১. শিক্ষা বিস্তারের লক্ষ্যে জনাব আবিদুর রহমান 'দারুল-কুরআন ওয়াল হাদিস' নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে অসংখ্য শিক্ষার্থী কুরআন ও হাদিসের জ্ঞান অর্জনের জন্য এ শিক্ষা প্রতিষ্ঠানে এসে জ্ঞানের জন্য ভিড় জমান। তার দেখাদেখি দেশের ইসলামপ্রিয় অনেক মানুষ স্ব-স্ব এলাকায় বড় বড় দীনি প্রতিষ্ঠান গড়ে তোলেন। আব্দুল্লাহ ছয় বছর বয়সেই কুরআন হিফয করে ফেলেন। দশ বছর বয়স থেকেই হাদিস মুখস্থ করা আরম্ভ করেন। একসময় তিনি অনেক বড় মুহাদ্দিস হন। তার কাছে হাজার হাজার ছাত্র ইলমে হাদিসের জ্ঞান লাভ করেন।
- ক. ইমাম আবু হানিফা (র)-এর উপাধি কী? ১
- খ. ইমাম গাযালিকে 'হুজ্জাতুল ইসলাম' বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব আবিদুর রহমান কোন শিক্ষা প্রতিষ্ঠানের আদলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. আব্দুল্লাহর চরিত্রে যে মহান মনীষীর আদর্শ ফুটে উঠেছে হাদিস শাস্ত্রে তার অবদান বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৪

# আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ইমানের মূল বিষয় কতটি?**
ⓚ ৩টি ⓛ ৫টি ⓖ ৭টি ⓘ ৯টি

**২. আকাইদের আচরণগত দিকের উদাহরণ কোনটি?**
ⓚ আল্লাহ ⓛ ফেরেশতা ⓖ কিতাব ⓘ সালাত

**৩. কারা বাহ্যিকভাবে ইমান ও ইসলাম পালন করে?**
ⓚ মুমিনগণ ⓛ মুসলিমগণ ⓖ মুনাফিকগণ ⓘ মুশরিকগণ

**৪. "নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র জীবনব্যবস্থা।"– আয়াতটি কোন সূরার অংশবিশেষ?**
ⓚ সূরা আন নিসা ⓛ সূরা আলে ইমরান
ⓖ সূরা আনফাল ⓘ সূরা নাযিয়াত

**৫. মানুষকে সৎকর্মশীল ও দায়িত্বশীল করে-**
i. কবরে বিশ্বাস ii. হাশরে বিশ্বাস iii. মিযানে বিশ্বাস
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ⓖ iii ⓘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
আরিফের বন্ধু সুজন। সুজনকে সবাই ফ্যাশন সুজন হিসেবে চেনে। সে পৈতা পরে এবং ক্রুশ চিহ্ন ব্যবহার করে। আরিফ সুজনকে সূরা বাকারার ৩৯ নং আয়াত পড়ে সাবধান করে।

**৬. পৈতা পরা এবং ক্রুশ চিহ্ন ব্যবহার করার বিধান কী?**
ⓚ শিরক ⓛ কুফর ⓖ নিফাক ⓘ ফিসক

**৭. সূরা বাকারার ৩৯ নম্বর আয়াতের মূল বক্তব্য–**
i. আল্লাহর নিদর্শন মিথ্যা প্রতিপন্নকারী কাফির
ii. আল্লাহর নির্দেশ অমান্যকারী মুনাফিক
iii. কাফিরগণ অনন্তকাল জাহান্নামি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ⓖ i ও iii ⓘ i ও iii

**৮. আবু ঈসা মুহাম্মদ ইবনে ঈসা সংকলিত হাদিস গ্রন্থের নাম কী?**
ⓚ বুখারি শরিফ ⓛ মুসলিম শরিফ ⓖ তিরমিযি শরিফ ⓘ নাসাই শরিফ

**৯. মুসলিম মনীষীগণ শরিয়তের বিষয়বস্তুকে প্রধানত কয়ভাগে ভাগ করেছেন?**
ⓚ ৩ ভাগে ⓛ ৪ ভাগে ⓖ ৫ ভাগে ⓘ ৭ ভাগে

**১০. "অতএব, হে জ্ঞানীগণ! তোমরা উপদেশ গ্রহণ কর।" আয়াতের নির্দেশিত বিষয়বস্তু কোনটি?**
ⓚ কুরআন ⓛ সুন্নাহ ⓖ ইজমা ⓘ কিয়াস

**১১. বায়তুল ইযযাহ-কোথায় অবস্থিত?**
ⓚ ১ম আসমানে ⓛ ২য় আসমানে ⓖ ৩য় আসমানে ⓘ ৭ম আসমানে

**১২. সর্বপ্রথম লিখিত বিশুদ্ধ হাদিস গ্রন্থ কোনটি?**
ⓚ বুখারি শরিফ ⓛ মুয়াত্তা মালিক ⓖ নাসাই শরিফ ⓘ ইবনে মাযাহ শরিফ

**১৩. কাতিবে ওহি-কতজন?**
ⓚ ২২ জন ⓛ ৩২ জন ⓖ ৪২ জন ⓘ ৭২ জন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
"মি. রবিউল চৌধুরী একজন প্রকৌশলী। শাহজাহান সাহেব একজন ঠিকাদার। শাহজাহান সাহেব একটি কাজের জন্য দরপত্র দাখিল করলে মি. রবিউল চৌধুরী বলেন, আমাকে প্রাক্কলিত ব্যয়ের ১০% টাকা না দিলে কার্যাদেশ দেওয়া হবে না।"

**১৪. মি. রবিউল চৌধুরীর ১০% দাবি কীসের শামিল?**
ⓚ সুদের ⓛ ঘুসের ⓖ শিরকের ⓘ নিফাকের

**১৫. উদ্দীপকটি প্রমাণ করে যে–**
i. শাহজাহান সাহেব একজন মাজলুম
ii. মি. রবিউল চৌধুরী জাহান্নামি iii. উভয়েই সমান অপরাধী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ i ও ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**১৬. সাফা-মারওয়া সাঈ করা হজের কোন ধরণের বিধান?**
ⓚ ফরজ ⓛ ওয়াজিব ⓖ সুন্নত ⓘ মুস্তাহাব

**১৭. "সাওম আমার জন্য, আমিই তার প্রতিদান দিব।"- বাণীটির উৎস কী?**
ⓚ কুরআন ⓛ হাদিস ⓖ ফিকহ ⓘ হাদিসে কুদসি

**১৮. জামাআতে সালাত কায়েমের সুফল–**
i. ২৭ গুণ বেশি সওয়াব পাওয়া যায়
ii. ক্ষুধার্তের কষ্ট বুঝতে পারা যায়
iii. ঐক্যের শিক্ষা লাভ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ i ও ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**১৯. ইবলিস ও কুপ্রবৃত্তির বিরুদ্ধে সংগ্রাম করা কেন ধরনের জিহাদ?**
ⓚ জিহাদে আসগার ⓛ জিহাদে আকবার
ⓖ জিহাদে জাহেরি ⓘ জিহাদ বিল মাল

**২০. "সকল মানুষই আদম (আ) এর বংশধর আর আদম (আ) মাটি থেকে সৃষ্টি।"– হাদিসটির মূল প্রতিপাদ্য বিষয় কী?**
ⓚ ঔরশজাত ভ্রাতৃত্ব ⓛ দ্বীনি ভ্রাতৃত্ব
ⓖ বিশ্বভ্রাতৃত্ব ⓘ সামাজিক ভ্রাতৃত্ব

**২১. মানবজীবনের সর্বশ্রেষ্ঠ সম্পদ হলো–**
ⓚ আখলাক ⓛ তাকওয়া ⓖ আদল ⓘ ইহসান

**২২. খিয়ানত করা কাদের বৈশিষ্ট্য?**
ⓚ কাফিরদের ⓛ মুশরিকদের ⓖ মুনাফিকদের ⓘ ফাসিকদের

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৩, ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আমানত উল্লাহ একজন আদর্শ শিক্ষক। তিনি বিদ্যালয় শুরুর ৩০ মিনিট আগে কর্মস্থলে উপস্থিত হন এবং বিদ্যালয় ছুটির ৩০ মিনিট পরে কর্মস্থল ত্যাগ করেন। শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে তার পাঠদান উপভোগ করে। স্যারের ছেলে মাহমুদ উল্লাহ এক বৃদ্ধা মহিলার বোঝা মাথায় নিয়ে তাকে বাসায় পৌঁছে দেয়।

**২৩. "তোমাদের প্রত্যেকে দায়িত্বশীল। আর তোমরা প্রত্যেকে তোমাদের দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।"– হাদিসটির বিষয়বস্তু কী?**
ⓚ স্বদেশপ্রেম ⓛ মানবপ্রেম ⓖ মিতব্যয়িতা ⓘ কর্তব্যপরায়ণতা

**২৪. আদর্শ শিক্ষকের বৈশিষ্ট্য–**
i. সময়ানুবর্তিতা ii. শিক্ষার্থীবান্ধব পাঠদান
iii. শিক্ষার্থীর মাঝে আদর্শ বিস্তার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ i ও ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**২৫. স্যারের ছেলে মাহমুদ উল্লাহর আচরণে প্রকাশ পেয়েছে–**
ⓚ মাতৃভক্তি ⓛ স্বজনপ্রীতি ⓖ মানবসেবা ⓘ নারীর মর্যাদা

**২৬. ফিতনা-ফাসাদের আধুনিক রূপ কোনটি?**
ⓚ চাঁদাবাজি ⓛ খুন-খারাবি ⓖ বিশৃঙ্খলা ⓘ সন্ত্রাসবাদ

**২৭. কতকগুলো হাদিসের সমন্বয়ে 'মুসনাদে আবু হানিফা' সংকলিত?**
ⓚ ৫০০টি ⓛ ৬০০টি ⓖ ৭০০টি ⓘ ৮২৫টি

**২৮. কোন যুদ্ধে বিশেষ বীরত্বের স্বীকৃতিস্বরূপ হযরত আলি (রা) 'আসাদুল্লাহ' উপাধি লাভ করেন?**
ⓚ বদর যুদ্ধে ⓛ উহুদ যুদ্ধে ⓖ খন্দক যুদ্ধে ⓘ খায়বার যুদ্ধে

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক শামসুল আলম সাহেব রসুলপুর এলাকার মানুষের পানির কষ্ট দুর করার জন্য ৫টি গভীর নলকূপ স্থাপন করেন। এছাড়াও এলাকায় নিজ অর্থে দুই বিঘা জায়গা কিনে একটি মসজিদ নির্মাণ করেন।

**২৯. বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক শামসুল আলম সাহেব খুলাফায়ে রাশেদিনের কোন খলিফার আদর্শ গ্রহণ করেছেন?**
ⓚ হযরত আবু বকর (রা)-এর ⓛ হযরত উমর (রা)-এর
ⓖ হযরত উসমান (রা)-এর ⓘ হযরত আলি (রা)-এর

**৩০. বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক শামসুল আলম সাহেব তার কর্মকাণ্ডের জন্য–**
i. জনগণের দুআ ও আশীর্বাদ পাবেন ii. সম্পদশালী হবেন
iii. আখিরাতে জান্নাত লাভ করবেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ⓖ i ও ii ⓘ i ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আমিন ও সামিন দুজন ছাত্র। সামিন নিয়মিত সালাত ও সাওম আদায় করে এবং আল্লাহর সকল আদেশ-নিষেধ নির্দ্বিধায় মেনে চলে। আমিন আল্লাহর সকল নিয়ামত স্বীকার করে এবং সে মনে করে যে, একমাত্র আল্লাহ তায়ালাই সবকিছু সৃষ্টি করেছেন। সে সকল মানুষের জন্য আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করে।
ক. হযরত আদম (আ)-এর উপর কয়খানা সহিফা নাজিল হয়েছিল? ১
খ. কোনো কিছুতে সিলমোহর অঙ্কিত করা হয় কখন? ২
গ. সামিন মুমিন না মুসলিম? ব্যাখ্যা করো। ৩
ঘ. আমিনের চিন্তাধারার গুরুত্ব ইসলামের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. হাসান সাহেব কোনো পাপ কাজে লিপ্ত হন না। তার বিশ্বাস তাকে কলুষমুক্ত রাখে। সে মনে করে, দুনিয়ার মন্দ কাজের জন্য মানুষ একদিন তিরস্কৃত হবে এবং ভালো কাজের জন্য পুরস্কৃত হবে। তার বন্ধু আরাফাত সাহেব বলেন, "দুনিয়ার জীবন শেষে দুনিয়ার কর্মের বিচারে মানুষ আরামদায়ক স্থান লাভ করবে অথবা কষ্টদায়ক স্থান লাভ করবে; দুনিয়ার ধর্মের বিচারে নয়।"
ক. তাওহিদে বিশ্বাসের ফলে মানুষ কোন সত্যকে স্বীকার করে নেয়? ১
খ. মানবিক মূল্যবোধ কীভাবে বিকশিত হয়? ২
গ. হাসান সাহেবের চিন্তায় কীসের প্রতি বিশ্বাসের গুরুত্ব প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আরাফাত সাহেবের উক্তিতে উল্লিখিত স্থান দুটির ইসলামি পরিচয় বর্ণনা করো। ৪

৩. সাজিদ ও আবির ঘনিষ্ঠ বন্ধু। সাজিদ অনেক সম্পদের মালিক। তাই সে সর্বদা টাকার গরম দেখায় এবং অন্যায় ও অশ্লীল কাজে জড়িত থাকে এবং নিজেকে অনেক মর্যাদাবান মনে করে। আর তার বন্ধু আবির এলাকার যুবকদেরকে সত্য কথা বলা ও নিয়মিত সালাত আদায় করার জন্য আহ্বান জানালে তারা তাকে কটূক্তি করে। যুবকদের অত্যাচার অসহনীয় পর্যায়ে পৌঁছলে সে শিক্ষকের শরণাপন্ন হয়, শিক্ষক কুরআনের নিম্নোক্ত আয়াতটি পড়ে শোনান-

إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا

ক. কোন শব্দের ক্রিয়ামূল বিবেচনায় সূরা আল-ইনশিরাহ এর নামকরণ করা হয়েছে? ১
খ. মক্কাকে কেন নিরাপদ শহর বলা হয়? ২
গ. সাজিদের মাঝে সূরা আত-তীনের কোন শিক্ষার অভার পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. আবিরের কার্যক্রম সূরা 'আল-ইনশিরাহ্' এর আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. মাজেদ সাহেব একজন প্রকৃত মুমিন। তার বাবা এক মাস আগে মারা গেছেন। তিনি হতাশ না হয়ে ধৈর্য ধারণ করেছেন। গত সপ্তাহে তিনি আদর্শ লেখক হিসেবে দেশের জাতীয় পুরস্কার পেয়েছেন। তখন তিনি আল্লাহর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এভাবে তিনি সুখে-দুঃখে সর্বাবস্থায় আল্লাহ এবং রাসুলের বিধান মেনে চলেন। তার স্ত্রী সনিয়া এমন দুটি বাক্য বারবার পড়েন যা আল্লাহর নিকট খুবই প্রিয়, মুখে উচ্চারণ করা অতি সহজ এবং পরকালে ওজনে খুব ভারী হবে।
ক. রাসুল (স)-এর ভাষায় অন্তরের মরিচার পরিশোধক কী? ১
খ. ফরজে কিফায়া বলতে কী বোঝায়? ২
গ. সনিয়া কোন বাক্য দুটি পাঠ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. তোমার পাঠ্যবইয়ে বর্ণিত সংশ্লিষ্ট হাদিসের আলোকে মাজেদ সাহেবের আচরণ বিশ্লেষণ করো। ৪

৫. রাফিদ দশম শ্রেণিতে পড়ে। সে তার জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলামকে অনুসরণ করতে চায়। তার গন্তব্য হলো পরকালে জান্নাত, কিন্তু সে জানে না তার গন্তব্যে পৌঁছার জন্য ইসলামকে কীভাবে অনুসরণ করতে হবে। তার সম্পর্কে জেনে তার ধর্মীয় শিক্ষক জনাব আহমদ আলী বলেন, "আল্লাহ তায়ালা সূরা মায়িদার ৩ নম্বর আয়াতে ইসলামের পরিপূর্ণতা ঘোষণা করেছেন। সুতরাং সুষ্ঠু ও সুন্দরভাবে জীবন পরিচালনার জন্য ইসলামের বিধিবিধান অপরিহার্য।"
ক. দান করার মাধ্যমে কীসের বহিঃপ্রকাশ ঘটে? ১
খ. হযরত উমর (রা) কুরআন সংরক্ষণের ব্যাপারে উদবিগ্ন হয়েছিলেন কেনো? ২
গ. রাফিদ যে জীবন পদ্ধতি অনুসরণ করতে চায় তার পারিভাষিক নাম কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইসলামের আলোকে আহমদ সাহেবের উক্তিটির যথার্থতা প্রমাণ করো। ৪

৬. আলম সাহেব ও আরিফ সাহেব ধনী মানুষ। আলম সাহেব ধন-সম্পদ, বর্ণ-গোত্র ও জাতীয়তার দিক থেকে মানুষে মানুষে যে ভেদাভেদ তা দূর করতে চায়। তার বন্ধু হানিফ সাহেব তাকে বলেন, "তোমাকে বিশ্ব মুসলিম সম্মেলনে উপস্থিত হতে হবে। তা তোমাকে মুসলিম ভ্রাতৃত্ব শিক্ষা দিবে এবং তোমার বিগত জীবনের গুনাহ মাফ করা হবে।" আর বিভিন্ন ব্যাংকে আরিফ সাহেবের অনেক টাকা আছে। কিন্তু তার আশেপাশে অনেক দরিদ্র লোক বসবাস করা সত্ত্বেও তিনি তাদেরকে সম্পদ গণনা করে হিসাব অনুযায়ী কোন টাকাপয়সা দেন না।
ক. কোন ইবাদতের মাধ্যমে আত্মিক উৎকর্ষ সাধিত হয়? ১
খ. জিহাদ ও সন্ত্রাসবাদের মধ্যে পার্থক্য কী? ২
গ. ইসলামের কোন মূল ভিত্তিটি আরিফ সাহেব লঙ্ঘন করেছেন ব্যাখ্যা করো। ৩
ঘ. ইসলামের আলোকে হানিফ সাহেবের উক্তির যথার্থতা প্রমাণ করো। ৪

৭. শফিক এমন একটি ইবাদত পালন করেন যে সম্পর্কে মহানবি (স) বলেন, এ ইবাদতটি ইমান ও কুফরের মধ্যে পার্থক্যকারী। এ ইবাদতটি একাকি আদায় করার চেয়ে জামাআতের সাথে আদায় করলে সাতাশ গুণ বেশি সাওয়াব পাওয়া যায়। শফিকের বড় বোন সখিনা খাতুন তার নিকট থাকা স্বর্ণের অলংকারের বাজারমূল্য ৫ লক্ষ টাকা থেকে বার হাজার পাঁচশত টাকা এলাকার অসহায়-গরিব মানুষের মধ্যে বিতরণ করেন।
ক. ওয়াজিব কাকে বলে? ১
খ. সুন্নতে যায়িদাহ বলতে কী বোঝায়? ২
গ. শফিক কোন ইবাদতটি পালন করেছেন? বুঝিয়ে লেখো। ৩
ঘ. সাহিদা খাতুন যে ইবাদতটি আদায় করেছেন তা চিহ্নিত করে দেখাও যে, তিনি পরিপূর্ণভাবে তা আদায় করেছেন। ৪

৮. ইদরিস একটি গ্রামে বাস করে। সে গ্রামের লোকদের এই শর্তে টাকা দেয় যে, এক বছর পরে প্রতি ১০০০ টাকার সাথে অতিরিক্ত ৪০ কেজি চাল পরিশোধ করবে। অনেক গরিব মানুষ এই শর্ত মেনে তার নিকট থেকে টাকা নেয়। ইদরিস এটাকে লাভজনক ব্যবসা মনে করে। কিন্তু ইসলামিক বিশেষজ্ঞরা এটাকে হারাম উপার্জন হিসেবে পরিগণিত করেন।
ক. 'তাযকিয়াহ' এর উদ্দশ্য কী? ১
খ. কর্মবিমুখতা বলতে কী বোঝায়? ২
গ. গ্রামের লোকদের নিকট থেকে ইদরিস কর্তৃক গৃহীত অতিরিক্ত ৪০ কেজি চালকে কী বলা হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইসলামিক বিশেষজ্ঞগণের মতামত ইসলামের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. মাবরুর ও মারজুক ২০২৪ সালে এসএসসি পরীক্ষার্থী। তারা দুজনই মেধাবী এবং ভালো রেজাল্টের প্রত্যাশী। মাবরুর গোপনে- প্রকাশ্যে কখনোই খারাপ কাজ করে না। কারণ সে মনে করে আল্লাহকে ফাঁকি দেওয়া সম্ভব নয়। আর মারজুক অভিজাত পরিবারের সন্তান, তার বিশ্বাস- "জাগতিক চাকচিক্য আর অর্থ-সম্পদই মানুষের সম্মান ও মর্যাদার মাপকাঠি।"
ক. 'খায়িন' কাকে বলে? ১
খ. শালীনতাকে কেন ইসলামি সমাজ ব্যবস্থার মূল ভিত্তি বলা হয়? ২
গ. মাবরুরের চরিত্রে আখলাকে হামিদার কোন গুণ বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. মারজুকের মন্তব্য পবিত্র কুরআনের সংশ্লিষ্ট আয়াতের আলোকে মূল্যায়ন করো। ৪

১০. আফনান, মিজান এবং নাদিম ভূগোল ও গণিতে মুসলমানদের অবদান আলোচনা করছিল। নাদিম বলে যে, ভূগোল ও গণিতে মুসলমানদের কোনো অবদান নেই। মিজান তার সাথে দ্বিমত পোষণ করে বলে, "গণিতের জনক হলেন একজন মুসলিম। 'হিসাব আল-জাবর মুকাবালাহ' নামক অমর গ্রন্থ খানাও লিখেছেন একজন মুসলিম।" আফনান বলে, "ভূগোলে মুসলমানদের অবদান অনেক। মুসলমানরাই পৃথিবীর মানচিত্র এঁকেছেন। এছাড়াও ভূগোলবিষয়ক অনেক প্রামাণ্য গ্রন্থ মুসলমানরা রচনা করেছেন।"
ক. ইমাম গাযালি (র)-এর পূর্ণ নাম কী? ১
খ. মহানবি (স) খাদিজা (রা) থেকে প্রাপ্ত সম্পত্তি কীভাবে ব্যয় করেন? ১
গ. মিজানের বর্ণনায় কোন কোন মনীষীর পরিচয় প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিস্তারিত আলোচনার মাধ্যমে আফনানের উক্তির যথার্থতা প্রমাণ করো। ৪

১১. সামাজিক প্রভাবকে কেন্দ্র করে জনাব আকরাম লোকমান সাহেবকে মারাত্মকভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করেন। কিছুদিন পর লোকমান সাহেব প্রতিশোধ নেওয়ার সুবর্ণ সুযোগ পেয়েও এ থেকে বিরত থাকেন। এ ধরনের উদারতা দেখে জনাব আকরামের মধ্যে বেশ পরিবর্তন আসে। তিনি প্রতিজ্ঞা করেন যে, কোনো মানুষের সাথে আর অন্যায় করবেন না। গোত্র-বর্ণ ভেদাভেদ ভুলে গিয়ে সকলের সাথে ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ হবেন। সকল কাজ-কর্মে কুরআন ও হাদিসের অনুসরণ করে চলবেন।
ক. রাসুল (স)-এর নানার নাম কী? ১
খ. হেরা গুহায় রাসুল (স) ও জিবরাইল (আ)-এর কথোপকথন লেখো। ২
গ. লোকমান সাহেবের আচরণ মহানবি (স)-এর জীবনের কোন ঘটনার আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আকরামের পরিবর্তন বিদায় হজের ভাষণের আলোকে মূল্যায়ন করো। ৪

**মডেল টেস্ট- ০৫**

# রংপুর জিলা স্কুল

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

**১. هَادٍ (হা'দুন) শব্দের অর্থ কী?**
ক আলোকবর্তিকা খ পথপ্রদর্শক গ ন্যায়ের পতাকা ঘ আহ্বানকারী

**২. 'তাওহিদবাদী' হতে হলে সর্বাগ্রে কোনটি বর্জনীয়?**
ক কুফর খ নিফাক গ শিরক ঘ ফিসক

**৩. জীবনের সকল সমস্যার সমাধান দেয় বলে আল-কুরআনকে বলা হয়—**
ক সর্বজনীন খ মুক্তির সদন গ দিকনির্দেশক ঘ আসমানি কিতাব

**৪. মানুষের আর্থসামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ও ধর্মীয় সকল কাজ কীসের অন্তর্ভুক্ত?**
ক সৎকর্ম খ শরিয়ত গ মানবধর্ম ঘ আখলাক

**৫. সাওম পালনের মাধ্যমে কোনটি অর্জিত হয়?**
ক তাকওয়া, আত্মিক উৎকর্ষ ও খোদাপ্রেম
খ তাকওয়া, খোদাপ্রেম ও সামাজিক স্থিরতা
গ খোদাপ্রেম, আত্মিক উৎকর্ষ ও মানসিক প্রশান্তি
ঘ তাকওয়া, আত্মিক উৎকর্ষ ও পার্থিব সার্বিক কল্যাণ

**৬. যাকাতের নৈতিক গুরুত্ব হচ্ছে-এর মাধ্যমে—**
i. খোদাভীতি সৃষ্টি হয় ii. মাথাপিছু আয় বৃদ্ধি পায়
iii. পবিত্র ও উন্নত দৃষ্টিভঙ্গি তৈরি হয়
**নিচের কোনটি সঠিক?**
ক ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. পলাশের চরিত্রে কুফর, শিরক ও নিফাক লক্ষণীয়-তার মধ্যে কোনটি নেই?**
ক দীন খ ইমান গ ইসলাম ঘ শরিয়ত

**৮. কয়টি নীতিমালার আলোকে কিয়াস প্রণয়ন করতে হয়?**
ক ৪ খ ৫ গ ৬ ঘ ৭

**৯. সুদ, ঘুস, জুয়া, লটারি—**
i. নৈতিক মানবিক মূল্যবোধ ধ্বংস করে
ii. সামাজিক বৈষম্য সৃষ্টি করে iii. শরিয়ত কর্তৃক নিষিদ্ধ কাজ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
তামিম মনে করেন, পৃথিবী প্রাকৃতিকভাবে পরিচালিত হচ্ছে। পক্ষান্তরে তার সহকর্মী তাহিরা মনে করেন, প্রাকৃতিকভাবে নয় বরং ফেরেশতারাই পৃথিবীর পরিচালনকার্য সম্পাদান করছেন।

**১০. তাহিরার ধারণায় কী প্রকাশ পেয়েছে?**
ক নিফাক খ ফিসক গ কুফর ঘ শিরক

**১১. তামিমের ধারণা প্রমাণ করে তিনি—**
ক কাফির খ মুশরিক গ মুনাফিক ঘ মুফসিদ

**১২. "তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল। আর তোমাদের প্রত্যেকেই তার দায়িত্ব পালনের ব্যাপারে জিজ্ঞাসিত হবে"— হাদিসের মূলবক্তব্য কী?**
ক সৎকর্ম খ দানশীলতা গ দীন দায়িত্ব ঘ কর্তব্যপরায়ণতা

**১৩. ইজমা দ্বারা কোনো সমস্যার সমাধান করা হলে তার বিরোধিতা করা—**
i. চরম পাপ
ii. বিরোধিতার খাতিরে বিরোধিতা করা
iii. কুরআন-হাদিসের বিরোধিতার নামান্তর
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**১৪. বি এ পাশ করা রূপম উপার্জনের চেষ্টায় নিরুৎসাহিত হয়ে বসে আছেন— তিনি কোন খলিফার উপদেশ মানতে পারেননি?**
ক হযরত আবু বকর (রা) খ হযরত আলি (রা)
গ হযরত উসমান (রা) ঘ হযরত উমর (রা)

**১৫. ইবনে খালদুন কোন গ্রন্থটি রচনার জন্য অমর হয়ে আছেন?**
ক আল-মুকাদ্দিমা খ মুজামুল বুলদান
গ কিতাবুল মানাযির ঘ কানুন ফিত্ তিব্ব

**১৬. 'আত্মশুদ্ধি'র আরবি পরিভাষা কী?**
ক তাসাউফ খ তাসবিহ গ তাযকিয়াহ ঘ তাফাক্কুর

**১৭. 'মায়ের পদতলে সন্তানের বেহেশত' দ্বারা কী বুঝানো হয়েছে?**
i. নারীর অধিকার ii. জান্নাত লাভের উপায় iii. মাতার সেবা ও আনুগত্য
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. মদিনা সনদ অনুযায়ী কারা সমভাবে নাগরিক ও ধর্মীয় অধিকার ভোগ করবে?**
ক মুসলিম, অমুসলিম, ইহুদি, খ্রিষ্টান সম্প্রদায়
খ ইহুদি, খ্রিষ্টান, অমুসলিম ও পৌত্তলিক সম্প্রদায়
গ মুসলিম, অমুসলিম, ইহুদি ও পৌত্তলিক সম্প্রদায়
ঘ মুসলিম, ইহুদি, খ্রিষ্টান ও পৌত্তলিক সম্প্রদায়

**১৯. ফিতনা-ফাসাদের বিরুদ্ধে সামাজিকভাবে সোচ্চার হওয়া প্রয়োজন। কারণ একটি সমাজে—**
i. বৈষম্য সৃষ্টি করে ii. ভয়-ভীতি ও আতঙ্ক সৃষ্টি করে
iii. শান্তি ও উন্নতির পথ রুদ্ধ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
শেফালি বেগম তার স্বামী সোহেলকে ব্যবসার মালে ভেজাল মিশিয়ে লাভবান হওয়ার পরমার্শ দেন। সোহেল বলেন, ক্রেতাদের ফাঁকি দেওয়া গেলেও আল্লাহর চোখে ফাঁকি দেওয়া যায় না।

**২০. সোহেলের বক্তব্য প্রমাণ করে যে তিনি—**
ক মুত্তাকি খ মুসল্লি গ মুফতি ঘ মুতাআল্লিম

**২১. শেফালি বেগমের পরামর্শের মূল বক্তব্য হলো—**
ক গাসসুন খ নিফাকুন গ হাসাদুন ঘ ফিতনাতুন

**২২. "আমি যার কাছে একটি শব্দও শিখেছি আমি তার দাস"— প্রবক্তা কে?**
ক হযরত আবু বকর (রা) খ হযরত উমর (রা)
গ হযরত উসমান (রা) ঘ হযরত আলি (রা)

**২৩. 'দাখেলি' কে? তিনি একজন—**
ক মুফতি খ আদিব গ মুহাদ্দিস ঘ মুফাস্সির

**২৪. 'আল মাহরুম' অর্থ কী?**
ক ভিক্ষুক খ বঞ্চিত গ দরিদ্র ঘ দানপ্রার্থী

**২৫. "অতএব, চক্ষুষ্মানগণ! তোমরা শিক্ষা গ্রহণ কর"- আয়াতটিতে কীসের প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
ক কুরআন খ সুন্নাহ গ ইজমা ঘ কিয়াস

**২৬. "তোমরা ক্ষুধার্তকে খাদ্য দাও, রুগ্ণ ব্যক্তির সেবা কর, বন্দিকে মুক্ত কর এবং ঋণগ্রস্তকে ঋণমুক্ত কর"— হাদিসটির মূল প্রতিপাদ্য বিষয় কী?**
ক সৎকর্ম খ সৃষ্টির সেবা গ মানবসেবা ঘ মানবিকতা

**২৭. 'সাওম আমার জন্য আর আমি নিজেই এর প্রতিদান দিব'— এটি কোন ধরনের হাদিস?**
ক মারফু হাদিস খ হাদিসে কুদসি গ মাকতু হাদিস ঘ মাওকুফ হাদিস

**২৮. পৃথিবীর মানচিত্র সর্বপ্রথম কে অঙ্কন করেন?**
ক আল-মাসুদি খ আত-তাবারি গ ওমর খৈয়াম ঘ ইবনে খালদুন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মহানবি (স) বলেন : জেনে রেখো! শরীরের মধ্যে একটি গোশতপিণ্ড রয়েছে। যদি তা সংশোধিত হয়ে যায়, গোটা শরীরই সংশোধিত হয়। আর যদি কলুষিত হয়, গোটা শরীরই কলুষিত হয়ে যায়।

**২৯. গোশতপিণ্ডটিকে হাদিসে কী বলা হয়েছে?**
ক আত্মা খ কাল্ব গ নফস ঘ কালব ও নফস

**৩০. গোশতপিণ্ডটি সংশোধিত হলে একজন মানুষ—**
i. সফলকাম হয়
ii. পূর্ণাঙ্গ মানুষে পরিণত হয়
iii. পরকালীন মুক্তি ও কল্যাণ লাভ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ জিলা স্কুল

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আমিন সাহেব এবং হাবিব সাহেব দুই বন্ধু। একদিন তারা ইসলামের দিক নিয়ে আলোচনা করছিল। আমিন সাহেব ইসলামের সকল কার্যাবলিকে বিশ্বাস ও সমর্থন করলেও হজকে অস্বীকার করেন। কেননা হজ একটি কষ্টসাধ্য ও ব্যয়বহুল ইবাদত। হাবিব সাহেব বলেন, 'একজন মুসলিমকে ইসলামের সকল মৌলিক বিষয়ের প্রতি দৃঢ়বিশ্বাস রাখতে হবে।'

ক. তাওহিদ কী? ১
খ. আকাইদ বলতে কী বোঝায়? ২
গ. ইসলামের দৃষ্টিতে আমিন সাহেবের বিশ্বাসটি গ্রহণযোগ্য কি না? ব্যাখ্যা করো। ৩
ঘ. কুরআন ও হাদিসের আলোকে হাবিব সাহেবের বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. এস ইসলাম একজন দিনমজুর। সে একটি ছোট বইয়ের দোকান থেকে এক হাদিসের বাংলা অনুবাদ বই কিনল। বই থেকে সে এই হাদিসটি পড়ল, 'শ্রমিকের ঘাম শুকানোর আগে তার মজুরি শোধ করে দাও।' এ থেকে এস ইসলাম কুরআন ও হাদিস পড়ায় আরও উৎসাহবোধ করল।

ক. হাক্কুল ইবাদ কী? ১
খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝায়? ২
গ. এস ইসলামের পড়া হাদিসটি সংক্ষেপে ব্যাখ্যা করো। ৩
ঘ. শ্রমিকের পাওনা পরিশোধ নিয়ে কুরআন ও হাদিসে আরও কী বলা হয়েছে? যা জানতে এস ইসলাম আগ্রহী হলো- আলোচনা করো। ৪

৩. বরকত হারুনের কাছে কুরআনে প্রথম নাজিল হওয়া শব্দটি সম্পর্কে জানতে চাইল। হারুন জবাবে বলল, 'ইকরা' বা পড়। বরকত বলল, ঠিকই বলেছ। এটিই কুরআনের প্রথম নাজিল হওয়া আয়াতাংশ। সর্বপ্রথম রমজান মাসে এই আয়াতটিসহ মোট পাঁচটি আয়াত নাজিল হয়। আর তাই রমজান মাসেই সিয়াম সাধনা করা ফরজ করা হয়েছে। সিয়াম সাধনা ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম।

ক. সাওম অর্থ কী? ১
খ. সাওম পালনের উদ্দেশ্য কী? ব্যাখ্যা করো। ২
গ. বরকতের ব্যক্তিগত জীবনে সাওম কী প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সামাজিক দৃষ্টিকোণ থেকে উদ্দীপকে উল্লেখিত ইসলামের স্তম্ভটির তাৎপর্য ও গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৪.

| | | |
|---|---|---|
| | ? | |
| (i) সিরাত | | (ii) জান্নাত-জাহান্নাম |

ক. কোন শব্দের অর্থ দাঁড়িপাল্লা? ১
খ. কিতাব ও সহিফার দুটি পার্থক্য ব্যাখ্যা করো। ২
গ. '?' চিহ্নিত স্থানে কী বসবে? এর প্রথম বিষয়টি বর্ণনা করো। ৩
ঘ. (i) ও (ii) নম্বর বিষয়টির সম্পর্কে বিশ্লেষণ করো। ৪

৫. অষ্টম শ্রেণির জামিল ও করিম মুসলমানদের ধর্মীয় গ্রন্থ আল-কুরআন নিয়ে আলোচনা করছিল। জামিল বলল, এ গ্রন্থে এমন সব সূরা রয়েছে যা কবিতার মতো ছন্দময় ও ভাব-গাম্ভীর্যপূর্ণ। করিম বলল, এটি এমন একটি মহাগ্রন্থ যার সংরক্ষণের দায়িত্ব মহান আল্লাহ নিজেই নিয়েছেন।

ক. 'আল-কুরআন' অর্থ কী? ১
খ. শানে নুযুল কী? ব্যাখ্যা করো। ২
গ. জামিল আল-কুরআনের কোন প্রকারের বৈশিষ্ট্যের কথা উল্লেখ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত করিমের বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

৬. জনাব 'ক' একটি এলাকার চেয়ারম্যান। তিনি নির্বাচন উপলক্ষ্যে একটি গরু জবাই করে ভোটারদের মধ্যে গোশত বিতরণ করেছিলো। এটা দেখে তার স্ত্রী বলল, 'এ' কাজের জন্য তোমাকে পুরস্কৃত করা হবে না।

ক. নিয়ত কী? ১
খ. বৃক্ষ আমাদের জীবনে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. জনাব 'ক' তার কাজের জন্য কেন পুরস্কৃত হবে না? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার সথে সংশ্লিষ্ট নিয়ত সম্পর্কিত হাদিসটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৭. গ্রামের একমাত্র হিন্দু মানুষটির মৃত্যুর পর তার সৎকারের ব্যবস্থা করলেন স্থানীয় মুসলমানেরা। শুধু সৎকার নয়, গণেশ নামের এই হিন্দু লোকটি অসুস্থ হওয়া থেকেই তার সেবাযত্নসহ যাবতীয় চিকিৎসার ব্যবস্থা করেন। পত্রিকায় খবরটি পড়ে মাওলানা সাব্বির বলেন, এ ধরনের সহাবস্থানই দেশের অগ্রগতিকে এগিয়ে নিয়ে যেতে পারে।

ক. আমানত কী? ১
খ. 'সুন্দর চরিত্রই পুণ্য'- ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত মুসলমানদের আচরণে পাঠ্যবইয়ের কোন বিষয়ের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাওলানা সাব্বির সাহেবের বক্তব্যটি তুমি কি সমর্থন কর? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

৮. রফিক নানা রকম নিন্দনীয় স্বভাবে অভ্যস্ত। একদিন একটি ইসলামি অনুষ্ঠানে এক আলোচকের বক্তব্য শুনে সে বুঝতে পারে- একটি সৎ স্বভাব অর্জন করতে পারলে সে যাবতীয় অন্যায়, অশ্লীলতা ও অন্যান্য পাপাচার থেকে নিজেকে রক্ষা করতে পারবে। পরবর্তীতে সে উক্ত স্বভাব অবলম্বন করে নির্মল ও মার্জিত জীবনযাপনে অভ্যস্ত হয়।

ক. তাকওয়া কী? ১
খ. ওয়াদাপালন করা মুমিনের বৈশিষ্ট্য– ব্যাখ্যা করো? ২
গ. রফিকের স্বভাব পরিবর্তনে আখলাকে হামিদার কোন গুণটি প্রভাব বিস্তার করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নৈতিক জীবন গঠনে উক্ত গুণের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৯. সাইদ একজন ঔষধ ব্যবসায়ী। তিনি তার ফার্মেসিতে ন্যায্যমূল্যের সাইনবোর্ড লাগিয়ে অতিরিক্ত মূল্য গ্রহণ করেন এবং অনেক সময় মেয়াদোত্তীর্ণ ঔষধও বিক্রি করেন। অন্যদিকে সাইদের এক প্রতিবেশী নিরব অন্য প্রতিবেশী আরিফের ব্যবসায় উন্নতি দেখে তার প্রতি বিরূপ মনোভাব পোষণ করে তার সম্পর্কে নিন্দা করে বেড়ায়। আরিফের মা নিরবকে উদ্দেশ্য করে বলেন, 'এ ধরনের মনোভাব মারাত্মক সামাজিক অপরাধ।'

ক. ঘুস কাকে বলে? ১
খ. ইসলামি শরিয়তে গিবত নিষিদ্ধ কেন? ২
গ. সাইদের চরিত্রে আখলাকে যামিমার কোন দিক বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. নিরবের চরিত্রে যে দিকটি প্রকাশ পেয়েছে তা উল্লেখপূর্বক আরিফের মায়ের উক্তিটি মূল্যায়ন করো। ৪

১০. প্রেক্ষাপট-১: 'সে যুগকে অজ্ঞতার যুগ বলা হয়। তিনি শান্তিকামী যুবকদের নিয়ে একটি সংগঠন গঠন করেন।'
প্রেক্ষাপট-২: 'এ সনদে ৪৭টি ধারা ছিল। এটি ছিল এক যুগান্তকারী ভাষণ।'

ক. বুহায়রা কে? ১
খ. হারবুল ফিজারের কারণ কী ছিল? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ১ নম্বর প্রেক্ষাপটে কোন বিষয়ের ইঙ্গিত দেওয়া হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের ২ নম্বর প্রেক্ষাপটের সত্যতা বিশ্লেষণ করো। ৪

১১. 'ডিজিটাল বাংলাদেশ' শীর্ষক আলোচনায় প্রধান অতিথি গণিতে মুসলমানদের অবদান প্রসঙ্গে একজন মনীষীর জীবনী তুলে ধরেন। যিনি গ্রিকদের ভুল ধারণা খণ্ডন করেন এবং যিনি চক্ষুবিজ্ঞানী ছিলেন। দ্বিতীয় বক্তা বলেন, জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি চর্চার মাধ্যমে মুসলমানগণ একসময় সারাবিশ্বে নেতৃত্ব দিয়েছিল। বাঙালিরাও জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিতে পারদর্শী হলে ডিজিটাল বাংলাদেশ শুধু গড়বে না বরং সারাবিশ্বে নেতৃত্ব দিতে পারবে।

ক. ইবনে সিনার পুরো নাম কী? ১
খ. ফিকাহশাস্ত্রে ইমাম আবু হানিফা (র)-এর অবদান ব্যাখ্যা করো। ২
গ. প্রধান অতিথি তার বক্তব্যের মাধ্যমে কোন মনীষীর প্রতি ইঙ্গিত করেছেন? বর্ণনা করো। ৩
ঘ. দ্বিতীয় বক্তার বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

**মডেল টেস্ট- ০৬**

# রাজশাহী ক্যাডেট কলেজ

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. প্রতিজ্ঞা ভঙ্গা করা কার চরিত্র?**
ক মুশরিক খ কাফির গ মুনাফিক ঘ ফাসিক

**২. "মানবজাতি আদম (আ) থেকে এবং আদম মাটি থেকে তৈরি"— হাদিসটির মূল বক্তব্য—**
ক বিশ্বভ্রাতৃত্ব খ ইসলামি ভ্রাতৃত্ব
গ সাম্প্রদায়িক মেলবন্ধন ঘ মানবসৃষ্টির মৌলকিত্ব

**৩. তাওহিদ দ্বারা কী বোঝায়?**
ক একেশ্বরবাদ খ সর্বোশ্বরবাদ গ বহুঈশ্বরবাদ ঘ বিশ্বাস করা

**৪. 'যাকাত ইসলামের সেতুবন্ধন'— এটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?**
ক বুখারি খ মুসলিম গ বায়হাকি ঘ তিরমিযি

**৫. আল্লাহর সাথে কাউকে বা কোনো কিছুকে অংশীদার করা হচ্ছে—**
ক কুফর খ নিফাক গ শিরক ঘ রিসালাত

**৬. আবু লাহাবের স্ত্রীর নাম কী?**
ক উম্মে হিন্দা খ উম্মে হানি গ উম্মে জামিল ঘ উম্মে কায়স

**৭. পৃথিবীর শস্যক্ষেত্র হলো—**
ক আখিরাতের খ কবরের গ জীবনের ঘ বারযাখের

**৮. ইসলামি শরিয়তের সর্বাধিক গ্রহণযোগ্য উৎস কোনটি?**
ক আল-কুরআন খ আল-হাদিস গ ইজমা ঘ কিয়াস

**৯. সকল সমস্যা সমাধানের জন্য কুরআনকে কী বলা হয়?**
ক সর্বজনীন খ সন্দেহাতীত গ দিক নির্দেশক ঘ সর্বশেষ কিতাব

**১০. 'মুজামুল বুলদান' কে লিখেছেন?**
ক আল মাসুদি খ ইয়াকুত ইবনে আব্দুল্লাহ
গ জাবির ইবনে হাইয়ান ঘ হাসান ইবনে হাইসাম

**১১. পবিত্র কুরআন শিক্ষা দেওয়ার জন্য মদিনায় কাকে পাঠানো হয়েছিল?**
ক হযরত মুসআব ইবনে উমাইর (রা)
খ হযরত আবু বকর (রা)
গ হযরত আবু বাকরাহ (রা)
ঘ হযরত উমর ইবেন খাত্তাব (রা)

**১২. মক্কি সূরার বৈশিষ্ট্য চিহ্নিত করো—**
ক তাওহিদ-এর দাওয়াত খ আখিরাতের বর্ণনা
গ ছোটো সূরা ঘ উপরের সবগুলো

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাসুদ গবেষণা করার সময় পাটের অনেক উপযোগী জিনিস তৈরির প্রযুক্তি খুঁজে পান। কর্তৃপক্ষও তাকে পুরস্কৃত করেন। তার ছেলে জামাল তার সহকর্মীদের সাহায্যে মেয়েদের জন্য আলাদা জায়গা তৈরি করেন।

**১৩. জনাব মাসুদের কাজে কী প্রকাশ পেয়েছে?**
ক কর্তব্যপরায়ণতা খ দেশপ্রেম গ আমানত ঘ তাকওয়া

**১৪. জনাব জামাল ধারণ করেছে—**
i. রাসুল (স)-এর আদর্শ
ii. ইমানের পরিপূর্ণতা
iii. আল্লাহর সন্তুষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সালেহা বেগম তার বাড়ির সামনে একটি লাউ গাছ লাগান। প্রতি বছর চোর এসে সব লাউ নিয়ে যায়। তার স্বামী জনাব সাজ্জাদ একটি ঔষধের দোকান চালায়, এবং কারো সাথে প্রতারাণা করে না।

**১৫. সালেহার কর্মে কোন শিক্ষাটি প্রকাশিত হয়েছে?**
ক নিয়তের বিশুদ্ধতা খ উদারতা
গ সৃষ্টির সেবা ঘ সাদকাহ

**১৬. জনাব সাজ্জাদের কর্ম দ্বারা—**
i. বিচার দিবসে শহিদদের সাথে থাকবেন
ii. সম্মান ও মর্যাদার অধিকারী হবেন
iii. মানসিক তৃপ্তি লাভ করবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৭. অধীনস্ত ব্যক্তিকে ক্ষমা করা যাবে—**
ক ৭০ বার খ ২০ বার গ ৩ বার ঘ ১ বার

**১৮. আল্লাহকে কখনো কী স্পর্শ করতে পারে না?**
ক নবিগণ খ পবিত্র কিতাব গ সৃষ্টি ঘ তন্দ্রা

**১৯. সর্বশক্তিমান আল্লাহর কাছে সবচেয়ে সম্মানিত কে?**
ক ধনী ব্যক্তি খ গরিব ব্যক্তি গ তাকওয়া অর্জনকারী ঘ মুসলিমগণ

**২০. সনদ হচ্ছে—**
ক বর্ণনাকারীদের ধারা খ মূল অংশ
গ কুরআনের অংশ ঘ মারফু হাদিস

**২১. খায়িন অর্থ—**
ক আত্মসাৎকারী খ অসৎ গ মিথ্যাবাদী ঘ বিশ্বাসযোগ্য

**২২. কে একই পঠনরীতিতে কুরআন সংকলন করেন?**
ক আবু বকর (রা) খ উমর (রা) গ উসমান (রা) ঘ আলি (রা)

**২৩. বিদায় হজের ভাষণে মুহাম্মদ (স) বলেন—**
i. আল্লাহর সামনে সবাইকে উপস্থিত হতে হবে
ii. সকল মুসলমান সমান
iii. ধর্মীয় বিষয়ে বাড়াবাড়ি করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৪. 'আল-মানসুরি' লিখেছেন—**
ক ইবনে রুশদ খ ইবেন সিনা গ আল-বিরুনি ঘ আল-রাযি

**২৫. চিকিৎসাশাস্ত্রের বাইবেল—**
ক কানুন ওয়াল মুকাবালাহ খ কানুন ফিত-তিব্ব
গ কুল্লিয়াত ঘ আল-মুকাদ্দিমা

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
একজন ইমাম মসজিদে উপস্থিত ইবাদতকারীদের বললেন তাদের সম্পদ দান করার জন্য। তার কথায় সাড়া দিয়ে জনাব ফাহিম তার সকল সম্পদ আল্লাহর জন্য দান করে দিলেন।

**২৬. উদ্দীপকে কার চরিত্র উল্লিখিত হয়েছে?**
ক হযরত আবু বকর (রা) খ হযরত উমর (রা)
গ হযরত উসমান (রা) ঘ হযরত আলী (রা)

**২৭. এটা করার দ্বারা জনাব ফাহিম—**
ক অর্থ নষ্ট করবে
খ অন্তরের শান্তি ও ভালোবাসা অর্জন করবে
গ মানুষের প্রশংসা পাবে ঘ ধনীদের সাহায্য করবে

**২৮. শল্য চিকিৎসায় গ্রিকদের থেকে সেরা ছিল কে?**
ক আল-রাযি খ যুননুন মিসরি
গ ইবনে খালদুন ঘ নাসিরউদ্দীন তুসি

**২৯. সত্য ও মিথ্যার মাঝে পার্থক্যকারী হিসেবে পরিচিত—**
ক কুরআন তিলাওয়াতকারী খ সত্যবাদী
গ বিশ্বাসযোগ্য ঘ ফারুক

**৩০. আল-জুদায়রি ওয়াল হাসবাহ গ্রন্থের বিষয়বস্তু চিহ্নিত করো—**
ক হাম ও বসন্ত খ জ্বর
গ বার্ষিক পঞ্জিকা ঘ ভুগোলশাস্ত্র

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে-কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রাফি ও কাফি দুই বন্ধু মিলে একবার চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন এলাকায় বেড়াতে গিয়েছিলো। পাহাড়-পর্বত, ঝরনাধারা আর সমুদ্র সৈকতের সুন্দর দৃশ্যাবলি দেখে মুগ্ধ হয়ে রাফি বলল, আল্লাহ পাক সত্যিই মহান। এতসব অপরূপ সৃষ্টি তিনি নিজেই সৃষ্টি করেছেন। এতে কাফি দ্বিমত পোষণ করে বলে, এতসব সৃষ্টি একজনের পক্ষে কীভাবে সম্ভব? নিশ্চয়ই এর পেছনে অন্য কোনো হাত আছে।

ক. আল্লাহর বিশেষ সৃষ্টি কারা? ১
খ. নবি-রাসুলের মধ্যে পার্থক্য নিরূপণ করো। ২
গ. কাফির মনোভাব শরিয়তের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের কার মতামতকে তুমি অধিকতর যুক্তিযুক্ত বলে মনে করো? ইসলামের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. সালমা সরকারি হাসপাতালের একজন জনপ্রিয় ডাক্তার। তিনি খুব দরদ দিয়ে রোগীদের সেবা করেন। দায়িত্ব পালনে কোনো প্রকার অবহেলা করেন না। তিনি পাথেয় হিসেবে এই প্রবাদটি মেনে চলেন। 'দুনিয়া হলো আখিরাতের শস্যক্ষেত্র'।

ক. তাওহিদের বিপরীত কী? ১
খ. কালিমা তায়্যিবার কোন অংশে কীসের ঘোষণা দেওয়া হয়েছে? ২
গ. কোন বিশ্বাস ডাক্তার সালমাকে দায়িত্ব পালনে এমন নিষ্ঠাবান করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রবাদটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৩. জয়নাল মিয়া একজন মুদি দোকানদার। নিয়মিত নামাজ-কালাম পড়লেও মিথ্যে বলায় তার জুড়ি নেই। ওজনে কম দিয়ে ভেজাল মাল বিক্রি করতেও সে দ্বিধাবোধ করে না। একদিন সে মসজিদের ইমাম সাহেবের কাছে শোনে, এ ধরনের লোকদের পরকালে কঠিন শাস্তি ভোগ করতে হবে।

ক. আখিরাতের প্রবেশদ্বার কোনটি? ১
খ. আখিরাতের বিশ্বাস মুমিনের জন্য অপরিহার্য কেন? ২
গ. ইসলামের দৃষ্টিতে জয়নাল মিয়া কোন ধরনের লোক? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইসলামের দৃষ্টিতে উক্ত কাজের পরিণতি বিশ্লেষণ করো। ৪

৪. সুমন ক্লাসে শিক্ষককে জিজ্ঞেস করল, মানুষের হিদায়েতের জন্য আল্লাহ পাক আল-কুরআন নাজিল করেছেন। সেক্ষেত্রে কুরআনের অনুসরণ করলেই তো উভয়কালের সফলতা পাওয়া যাবে। আর হাদিস আসমানি কিতাব নয় বিধায় সেটা তো না মানলেও চলে। শিক্ষক বললেন, হাদিস ব্যতীত কুরআনের পূর্ণ অনুসরণ কখনোই সম্ভব নয়। আর ইজমা ও কিয়াস না মানলে পরিপূর্ণরূপে ইসলাম মানা হয় না।

ক. মহানবি (স)-এর নবুয়তি জীবন কত বছর? ১
খ. আল-কুরআনের বিশেষ মর্যাদার পরিচয় ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সুমনের মতামত ইসলামি দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করো। ৩
ঘ. শিক্ষকের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫. মজনু মিয়া লোক দেখানোর উদ্দেশ্যে মৌলিক ইবাদতগুলো করে থাকে। সে প্রতিবেশী ও আত্মীয়-স্বজনের সাথে মোটেও ভালো ব্যবহার করে না। কিন্তু মাইনুল মিয়া মনে করে, আল্লাহ তাকে ভালোবেসেই বিপথগামী থেকে সুপথ দেখিয়েছেন এবং নিঃস্ব অবস্থা থেকে সচ্ছল করেছেন। এজন্য সে ইয়াতীম ও সাহায্য প্রার্থীর সাথে সৎ ব্যবহার করে এবং সর্বদাই প্রতিপালকের নিয়ামতের কথা প্রকাশ করে।

ক. কুরআন সংকলন বোর্ডের সভাপতি কে? ১
খ. মহানবি (স)-কে 'আল-আমিন' উপাধি দেওয়া হয়েছিল কেনো? ২
গ. মজনু মিয়ার কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাইনুল মিয়ার কর্মকাণ্ডে কোন সূরার প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ করো। ৪

৬. আকাম সাহেব একজন সরকারি চাকরিজীবী। সে তার অফিসারের ইঙ্গিতে ফাইল আটকে টাকা-পয়সা আদায় করে গোপনে অফিসারকে দেয় এবং নিজেও লাভবান হয়। বিষয়টি তার কাছে মোটেও অপরাধ বলে মনে হয় না। অথচ জুমার নামাজের খুতবায় সে শুনেছে, মহানবি (স) বলেছেন, "হারাম খাদ্যে পুরিপুষ্ট যে মাংস, নরকাগ্নি তার উত্তম স্থান।"

ক. ইসলামি জীবন পদ্ধতির নাম কী? ১
খ. নাযিরা তিলাওয়াত বলতে কী বোঝায়? ২
গ. আকাম সাহেব ও তার অফিসারের অর্থ উপার্জনের বিষয়টি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৭. খলিফা উমর (রা) অভ্যাসবশত মহল্লায় ঘুরতে ঘুরতে একবার এক গোয়ালিনীর কুটিরের পেছনে এসে শুনতে পান, মা তা মেয়েকে দুধে পানি মেশানোর জন্য চাপ দিচ্ছে। কিন্তু মেয়েটি কিছুতেই রাজি হচ্ছে না। মেয়ের একই কথা, খলিফা দুধে পানি মেশাতে নিষেধ করেছেন। মা বলে, এত রাতে তো আর খলিফা দেখতে আসছে না। তখন মেয়েটি তার মাকে বলে, খলিফা না দেখলেও তো আল্লাহ পাক আমাদের ঠিকই দেখছেন মা।

ক. নামাজ কোন ভাষার শব্দ? ১
খ. ইবাদতের প্রধান প্রকার দুটি ব্যাখ্যা করো। ২
গ. গোয়ালিনীর মেয়ে আখলাকে হামিদার যে মহৎ গুণের কারণে দুধে পানি মেশায়নি সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উক্ত গুণের লোকেরাই আল্লাহর নিকট অধিক সম্মানিত'-বিশ্লেষণ করো। ৪

৮.

| হাক্কুল্লাহ | হাক্কুল ইবাদ |
|---|---|
| ১. সালাত কায়েম | ১. আত্মীয়তা রক্ষা |
| ২. যাকাত আদায় | ২. পিতামাতার খেদমত |
| ৩. হজ পালন | ৩. প্রতিবেশীর অধিকার |

ক. কোন সূরায় হজ ফরজ হওয়ার ঘোষণা দেওয়া হয়েছে? ১
খ. 'তোমরা রুকুকারীদের সাথে রুকু কর' ব্যাখ্যা করো। ২
গ. ছকে উল্লেখিত হাক্কুল্লাহর কোন হকটি মানুষকে সকল প্রকার অশ্লীল খারাপ কাজ থেকে বিরত রাখে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছকে উল্লিখিত যে হকটিকে বিশ্ব মুসলিমের মহাসম্মেলন বলা হয় সেটি বিশ্লেষণ করো। ৪

৯. হেলাল তার বন্ধু জামিলকে বলে যে, বর্তমানে নারীরা পুরুষের মতো চাকরি করে, ব্যবসা করে, এমনকি নির্বাচনেও প্রার্থী হয়। এভাবে বিভিন্ন কর্মকাণ্ডে মেয়েদের অংশগ্রহণ আমি একদম পছন্দ করি না। এ কথা শুনে জামিল বলল, ইসলাম নারীদেরকে শালীনতা বজায় রেখে সকল কাজে অংশগ্রহণের অনুমতি দিয়েছে।

ক. ইসলামি নৈতিকতার মূলভিত্তি কী? ১
খ. আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের হেলালের চিন্তাধারা কতটুকু যৌক্তিক? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'জামিলের বক্তব্যই সঠিক ও যুক্তিযুক্ত'-ইসলামি দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করো। ৪

১০. দিহান জুমআর নামাজ পড়তে গিয়ে ইমাম সাহেবের বক্তৃতায় জানতে পারল যে, মহানবি (স)-এর আগমনের পূর্বে আরব সমাজে নারীদের কোনো মানসম্মান ও মূল্য ছিল না। কিন্তু ইসলামের নবি মুহাম্মদ (স) নারীদের যথাযথ মর্যাদা প্রদান করে ঘোষণা করে, 'মায়ের পদতলে সন্তানের জান্নাত'।

ক. মহানবি (স)-এর গোত্রের নাম কী? ১
খ. কোন প্রেক্ষিতে দ্বিতীয় খলিফাকে 'ফারুক' উপাধিতে ভূষিত করা হয়েছিল? ২
গ. উদ্দীপকে বর্ণিত সময় ও সমাজে নারীদের অবস্থা কেমন ছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১১. আমিন ও মমিন মহানবি (স)-এর জীবনী নিয়ে আলোচনা করছিল। আমিন বলল, মহানবি (স) শৈশবকাল থেকেই অত্যন্ত নম্র, ভদ্র ও বিনয়ী ছিলেন। যুবক বয়সেও তিনি অত্যন্ত সৎ ও কর্মঠ ছিলেন। এ জন্যই তো তৎকালীন আরবের ধনাঢ্য, বিদুষী ও মহীয়সী একজন নারী তাঁকে বিবাহ বন্ধনে আবন্ধ করেন।

ক. মহানবি (স) কত হিজরি সনে মক্কা থেকে মদিনায় হিজরত করেছিলেন? ১
খ. হযরত উসমান (রা)-কে যুননুরাইন বলা হয় কেন? ২
গ. মহানবি (স)-এর সঙ্গে উদ্দীপকে বর্ণিত মহীয়সী নারীর কীভাবে বিবাহ সম্পন্ন হয়েছিল ব্যাখ্যা করো। ৩
ঘ. "ইসলামে উক্ত নারীর অবদান অনস্বীকার্য"- বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৭

# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

**১. সরকারিভাবে হাদিস লিপিবন্ধ করার নির্দেশ দেন কে?**
ক হযরত উমর (রা)
খ হযরত উমর ইবনে আব্দুল আজিজ (রা)
গ হযরত আবু বকর (রা)
ঘ হাজ্জাজ বিন ইউসুফ

**২. ছামুদ সম্প্রদায়ের কথা বলা হয়েছে কোন সূরায়?**
ক সূরা আদ-দুহা খ সূরা আত-তীন
গ সূরা আশ-শামস ঘ সূরা আল-ইনশিরাহ

**৩. সালাত হলো—**
i. ইমান ও কুফরের মধ্যে পার্থক্যকারী ii. দোয়া করার মাধ্যম
iii. ঢালস্বরূপ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
ফাতিন নাইমের জানাজায় অংশগ্রহণ করে ও মহান আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে যাকাত ও হজ আদায় করে।

**৪. ফাতিনের প্রথম কাজটিকে বলা যায়?**
ক হাক্কুল্লাহ খ হাক্কুল ইবাদ
গ হাক্কুল ওয়ালেদাইন ঘ হাক্কুল ইয়াতীম

**৫. ফাতিনের এ কাজগুলোর কারণে—**
i. আল্লাহর হক আদায় হবে ii. ধন-সম্পদ বৃদ্ধি পাবে
iii. বান্দার হক আদায় হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. কোনটি আল্লাহর নিকট বান্দার আনুগত্য প্রকাশের শ্রেষ্ঠ পন্থা?**
ক সালাত খ পিতা-মাতার খেদমত গ হজ ঘ সাওম

**৭. যাকাত অস্বীকারকারীদের বিরুদ্ধে কোন খলিফা যুদ্ধ করেছিলেন?**
ক হযরত উমর (রা) খ হযরত উসমান (রা)
গ হযরত আলি (রা) ঘ হযরত আবু বকর (রা)

**৮. মুসলিমদের জন্য জ্ঞান অন্বেষণ করা কী?**
ক ফরজ খ ওয়াজিব গ সুন্নত ঘ মুস্তাহাব

**৯. সত্যবাদী ব্যক্তিকে আরবিতে বলে—**
ক সিদক খ কিযব গ সাদিক ঘ সিদ্দিক

**১০. আমানত হলো—**
i. বিদ্যালয়ের আসবাবপত্র রক্ষণাবেক্ষণ করা ii. শিক্ষার্থীকে সুশিক্ষা দেওয়া
iii. রাষ্ট্রের স্বাধীনতা রক্ষা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. আল উস্তাদ বলা হয় কাকে?**
ক আল রাযি খ ইবনে সিনা গ আল বিরুনি ঘ ইবনে রুশদ

**১২. আসাদুল্লাহ বলা হয় কাকে?**
ক হযরত আবু বকর (রা) খ হযরত উমর (রা)
গ হযরত উসমান (রা) ঘ হযরত আলি (রা)

**১৩. হযরত উমর (রা) এর চরিত্রে ফুটে উঠেছে—।**
i. কঠোরতা ii. স্বার্থহীনতা iii. ন্যায়পরায়ণতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. ইবনে জারির আত তাবারি (র) কোন শাস্ত্রের সর্বাধিক অবদান রেখেছেন?**
ক ফিকহ শাস্ত্রে খ হাদিস শাস্ত্রে গ তাফসির শাস্ত্রে ঘ রসায়ন শাস্ত্রে

**১৫. কিতাবুল মানাযির কী বিষয়ক বই?**
ক গণিত খ রসায়ন গ চক্ষুবিজ্ঞান ঘ চিকিৎসা বিজ্ঞান

**১৬. আলিউ শব্দের অর্থ কী?**
ক প্রবল খ ক্ষমাশীল গ মহান ঘ মহারক্ষক

**১৭. ফেরেশতাগণের প্রতি বিশ্বাস হলো—**
i. তাদের সংখ্যা অগণিত ii. তারা নারী ও পুরুষ iii. তারা নুরের তৈরি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. মাহিন মানুষের কল্যাণের জন্য কাজ করে কিন্তু সুদকে হালাল মনে করে। মাহিনের বিশ্বাস ইসলামের দৃষ্টিতে ......।**
ক কুফর খ শিরক গ নিফাক ঘ বিদআত

**১৯. কিয়ামতের অবস্থা কয়টি?**
ক দুইটি খ তিনটি গ চারটি ঘ পাঁচটি

**২০. কুরআন হলো—**
i. আয-যিকর ii. আন-নুর iii. আল-মাওয়িযা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. কবরের অপর নাম কী?**
ক বাইত খ বায়াছ গ বারযাখ ঘ মাকাম

**২২. শরিয়তের বিষয়বস্তু প্রধানত কয়টি ভাগে ভাগ করা হয়েছে?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**২৩. শরিয়ত হলো—**
i. পথ ii. বিধি-বিধান iii. রাস্তা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. হিজরতের পূর্বে কুরআন শিক্ষাদানের জন্য মদিনায় প্রেরণ করা হয় কাকে?**
ক হযরত আবু বকর (রা) খ হযরত উমর (রা)
গ হযরত উসমান (রা) ঘ হযরত মুসআব ইবনে উমাইর (রা)

**২৫. যে হাদিসের বর্ণনা সূত্র তাবিই পর্যন্ত পৌঁছেছে তাকে বলা হয়—**
ক মারফু খ মাকতু গ মাওকুফ ঘ মতন

**২৬. 'মুমিনগণতো পরস্পর ভাই ভাই।' কে বলেছেন?**
ক আল্লাহ খ রাসুল (স) গ ইমাম বুখারি ঘ প্রবাদ

**২৭. মহানবি (স) কোন উপার্জনকে উত্তম ও পবিত্রতম বলেছেন?**
ক স্বহস্তে উপার্জন খ অন্যের সম্পদ অর্জন
গ পৈতৃক সম্পদ ঘ সরকারি সম্পদ

**২৮. ইসলামের দৃষ্টিতে পবিত্রতা বলতে বোঝায় ............।**
i. পোশাক পরিচ্ছন্ন ও পবিত্র রাখা
ii. শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ পরিষ্কার ও পবিত্র রাখা
iii. মনকে পরিচ্ছন্ন ও পবিত্র রাখা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'ক' একজন ফল বিক্রেতা। তিনি উপরে ভালো ফল সাজিয়ে রাখেন এবং নিচে পচা ফল রেখে ক্রেতাদের কাছে বেশি দামে বিক্রি করেন।

**২৯. মি. 'ক' এর এ কাজে প্রকাশ পেয়েছে ..........।**
ক চাতুরতা খ কুফর গ খেয়ানত ঘ প্রতারণা

**৩০. এ জন্য মি. 'ক'-কে ইসলামের দৃষ্টিতে কী বলা যায়?**
ক মুশরিক খ মুনাফিক গ কাফির ঘ কাযিব

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. জামাল সাহেব একজন সৎ পুলিশ সুপার। তিনি কোনো অনৈতিক কাজ করেন না। একটি ইফতার মাহফিলে বক্তৃতাকালে তিনি বলেন, নৈতিক জীবন গঠনে আসমানি কিতাবের ভূমিকা অপরিসীম। নবি-রাসুলগণ আসমানি কিতাবের মাধ্যমে মানুষকে সঠিক পথ দেখিয়েছেন। ফলে সাহাবি ও খাঁটি মুসলমানগণ নৈতিকতাপূর্ণ চরিত্রের অধিকারী হয়েছেন।'
- ক. 'নার' কী? ১
- খ. তাওহিদে জ্ঞান থাকা অপরিযার্য কেন? ২
- গ. উদ্দীপকে বর্ণিত জামাল সাহেবের বক্তব্যটি ব্যাখ্যা করো। ৩
- ঘ. জামাল সাহেবের জীবনে কোন বিশ্বাসের প্রভাব সর্বাধিক বলে তুমি মনে করো? যুক্তি- প্রমাণসহ মতামত দাও। ৪

২. আকমল একজন জ্ঞানী ব্যক্তি। একদিন তিনি বন্ধু রহমতকে বললেন, আল-কুরআন নাজিল হয়েছে চৌদ্দশত বছর পূর্বে তখন তো লেখনী ও ছাপানোর ব্যবস্থা ছিল না। তাই এটি কীভাবে সংরক্ষিত থাকতে পারে। রহমত বলল না না, এটা এখনো অবিকৃত অবস্থায় আছে। কেননা মহান আল্লাহই তা হেফাজত করেন বরং আমাদের কাজ হলো নিয়মিত কুরআন তিলাওয়াত করা এবং আল্লাহর বিধান মেনে চলা।
- ক. ইয়ামামার যুদ্ধ কোন ভণ্ডনবির বিরুদ্ধে পরিচালিত হয়েছিল? ১
- খ. ইসলামি শরিয়তের বিষয়বস্তু বা পরিধি ব্যাখ্যা করো। ২
- গ. আকমলের ধারণা বা বক্তব্যটি কীরূপ? ব্যাখ্যা করো। ৩
- ঘ. রহমত ঐ গ্রন্থটিকে তিলাওয়াত করতে বলার পেছনে কী কী কারণ থাকতে পারে? যুক্তিসহ পেশ করো। ৪

৩. জনাব 'ডি' সাহেব শহরের বিখ্যাত ধনী ব্যক্তি। তিনি ফেসবুকে স্ট্যাটাস দিয়ে জানালেন যে, তিনি হজ পালন করবেন না। হজের জন্য বরাদ্দ সম্পদ তিনি গরিব-অসহায়দের মাঝে বণ্টন করবেন। তার এ বক্তব্যটি একজন আলিমের দৃষ্টিগোচর হলে তিনি জানালেন যে, "প্রত্যেক সামর্থ্যবান ব্যক্তির ওপর হজ অবশ্যপালনীয় কর্তব্য। আল্লাহর নির্দেশ যথাসময়ে যথাযথভাবে পালন করা জরুরি।"
- ক. ইহরাম শব্দের অর্থ কী? ১
- খ. ইসলামে অশ্লীল কার্যকলাপ নিষিদ্ধ কেন? ২
- গ. জনাব 'ডি' সাহেবের বক্তব্য কি সঠিক? ইসলামি শরিয়তের আলোকে ব্যাখ্যা করো। ৩
- ঘ. সম্মানিত আলিমের বক্তব্যের যথার্থতা কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. রাকিব সাহেব একজন সরকারি কর্মকর্তা। অবৈধভাবে অর্থ উপার্জনের সুযোগ থাকলেও আল্লাহ তায়ালার ভয়ে তিনি এসব থেকে বিরত থাকেন। তিনি মনে করেন, আল্লাহ তায়ালা সবকিছু দেখেন ও জানেন। পক্ষান্তরে, তার সহকর্মী আজম সাহেব কথা দিয়ে কথা রাখেন না। রাকিব সাহেব তাকে বললেন, এ রকম করলে তোমাকে পরকালে শাস্তি পেতে হবে।
- ক. আত্মশুদ্ধির আরবি প্রতিশব্দ কী? ১
- খ. ইমান ও ইসলামের মধ্যকার সম্পর্ক কীরূপ? বুঝিয়ে লেখো। ২
- গ. রাকিব সাহেবের কাজে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. আজম সাহেবের কর্মকাণ্ড চিহ্নিত করে তার পরিণতি বিশ্লেষণ করো। ৪

৫. রইস নিয়মিত স্কুলে যায় না। এ নিয়ে শ্রেণিশিক্ষক তাকে ধমক দিলে সে বিষয়টি তার বাবাকে জানায়। তখন তার বাবা তাকে 'শিক্ষার্থীর বৈশিষ্ট্য ও ছাত্র-শিক্ষক সম্পর্ক' নিয়ে তাকে বোঝান। এতে রইস তার ভুল বুঝতে পারে।
- ক. সন্ত্রাসবাদ কী? ১
- খ. 'সাওম ঢালস্বরূপ'- কথাটি ব্যাখ্যা করো। ২
- গ. আদর্শ শিক্ষার্থী হিসেবে নিজেকে গড়ে তুলতে রইস কী কী পদক্ষেপ নিতে পারে বলে তুমি মনে করো? লেখো। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত 'ছাত্র-শিক্ষক সম্পর্ক' কেমন হওয়া উচিত? পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও। ৪

৬. জনাব মাসুদ পতেঙ্গা সমুদ্র সৈকতে গিয়ে প্রাকৃতিক দৃশ্য দেখছিলেন। সৃষ্টির এ চমৎকারিত্ব দেখে তিনি স্রষ্টার আনুগত্যে সিজদায় অবনত হয়ে যান। তার বন্ধু নোবেল চাকরি করেন। তিনি তার অফিসের প্রধান নির্বাহীকে রুটিরুজির একমাত্র মালিক মনে করেন। এজন্য তিনি জীবন দিয়ে হলেও সবসময় তার সন্তুষ্টি বিধানের চেষ্টা করেন।
- ক. আসমানি কিতাব কাকে বলে? ১
- খ. সচ্চরিত্র বলতে কী বোঝায়? লেখো। ২
- গ. জনাব মাসুদের কর্মকাণ্ডে পাঠ্যবইয়ের কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. নোবেল সাহেবের কাজটি চিহ্নিত করে পাঠ্যবইয়ের আলোকে এর কুফল বিশ্লেষণ করো। ৪

৭. জনাব মোস্তফা একজন ধার্মিক ও ধনী লোক। ইসলামের বিধি-বিধানগুলো পালনের সাথে সাথে তিনি প্রচুর দান-খয়রাতও করেন। তার বাড়িতে ইয়াতীম ও ভিক্ষুক আসলে তিনি তাদের সাথে সুন্দর ব্যবহার করেন। অন্যদিকে মিসেস আমেনার কাছে কেউ গৃহস্থালির প্রয়োজনীয় জিনিস চাইতে আসলে থাকা সত্ত্বেও তিনি দিতে অস্বীকার করেন।
- ক. সূরা আত-তীন কোথায় অবতীর্ণ হয়েছে? ১
- খ. তাকরিরি হাদিস কাকে বলে? ব্যাখ্যা করো। ২
- গ. কোন সূরার শিক্ষার প্রভাবে জনাব মোস্তফা এরূপ দানশীল হয়েছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. মিসেস আমেনার এরূপ কর্মকাণ্ড সূরা মাউনের আলোকে মূল্যায়ন করো। ৪

৮. লোকমান মিয়া এলাকার সবচেয়ে ধনী ব্যক্তি। তিনি নিয়মিত যাকাত দানের মধ্য দিয়ে আত্মতৃপ্তিবোধ করেন। তিনি মনে করেন, যাকাত দানের ফলে তার সম্পদ পবিত্র হয় এবং আত্মার পরিশুদ্ধি ঘটে। অন্যদিকে কালাম মিয়া ধনী হওয়া সত্ত্বেও যাকাত আদায় করেন না। এমনকি দরিদ্রদের দান-খয়রাতও করেন না। ফলে এলাকার লোকে তাকে পছন্দ করেন না।
- ক. শালীনতা কী? ১
- খ. সুন্দর চরিত্রই পুণ্য-এ কথাটি ব্যাখ্যা করো। ২
- গ. লোকমান মিয়া উদ্দীপকে আলোচিত ইবাদত পালন করলে লোক কীভাবে উপকৃত হতে পারে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. কুরআন-হাদিসের আলোকে উদ্দীপকের কালাম মিয়ার পরিণতি বিশ্লেষণ করো। ৪

৯. হাবীবের মাথায় একটি প্রশ্ন বারবার আসে- এ পৃথিবী সৃষ্টির পর থেকে সবকিছুই নিয়ন্ত্রিত ও সুনির্দিষ্টভাবে কে পরিচালনা করছেন? সহসাই তার মুখ থেকে স্বতঃস্ফূর্তভাবে বেরিয়ে আসে, নিশ্চয়ই আল্লাহ যিনি এক ও অদ্বিতীয়। সে মনে মনে ভাবে, এটাই আমার দৃঢ় বিশ্বাস।
- ক. বুরহান শব্দের অর্থ কী? ১
- খ. কোন নবি অগ্নিকাণ্ডে নিক্ষিপ্ত হয়েছিলেন, কেন? ব্যাখ্যা করো। ২
- গ. মহান আল্লাহ সম্পর্কে হাবীবের বিশ্বাসসমূহ বর্ণনা করো। ৩
- ঘ. হাবীবের বিশ্বাসের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

১০. নির্বাচনের প্রচারণায় একজন মেয়র পদপ্রার্থী তার নির্বাচনি ভাষণে ঘোষণা করেন যে, আমি জয়লাভ করলে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করবো। ১. জলাবদ্ধতা দূর করে আপনাদেরকে একটি পরিচ্ছন্ন শহরবাসী হিসেবে গড়ে তুলবো। ২. আপনাদের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ বাহিনীকে আরো উন্নত ও কার্যকর করে গড়ার উদ্যোগ গ্রহণ করবো। ৩. আইনি চোখে ধনী-গরিব, আপন-পর সবাইকে সমান চোখে দেখবো। ৪. দায়িত্ব পালনকালে আমার কোন ভুল হলে আপনারা আমাকে সংশোধন করে দিবেন।
- ক. বিদায় হজ কত খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয়? ১
- খ. ইমাম গাযালি (র)-কে 'হুজ্জাতুল ইসলাম' বলা হয় কেন? ২
- গ. মেয়রের কর্মসূচির ১ ও ২ নম্বর বিষয় কার জীবনাদর্শের প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. কর্মসূচির ৩ ও ৪ নম্বর বিষয় সকল শাসকদের জন্য আদর্শ সংশ্লিষ্ট সাহাবির জীবনাদর্শের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. নাঈম তার বন্ধু মুস্তাফিজের কাছে একটি বই গচ্ছিত রাখে। কয়েকদিন পর নাঈম মুস্তাফিজের কাছে বইটি ফেরত চাইলে মুস্তাফিজ বলে, বইটি আমি আমার খালাতো ভাইকে ধার দিয়েছি। নাঈম এতে মনঃক্ষুন্ন হয়। নাঈম মুস্তাফিজকে বলে, তোমার দ্বারা আমানত রক্ষা হয়নি। তুমি কি জানো না যে, মহানবি (স) বলেছেন, যার মধ্যে আমানতদারি নেই, তার ইমান নেই।
- ক. মাদানি সূরা কতটি? ১
- খ. গিবত সম্পর্কে নবি (স) কী বলেছেন? লেখো। ২
- গ. মুস্তাফিজের কাজটি সমীচীন হয়েছে কি? ব্যাখ্যা করো। ৩
- ঘ. কুরআন ও হাদিসের আলোকে উদ্দীপকে আলোচিত বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৮

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. কোনটি ইমানের মূল?**
ক) আকাইদ খ) তাওহিদ গ) রিসালাত ঘ) তাকওয়া

**২. পবিত্র কুরআন বিলুপ্তির আশঙ্কা কেন করা হয়েছিল?**
ক) গ্রন্থাকারে না থাকায় খ) ভিন্ন রীতিতে তেলাওয়াত করায়
গ) মুখস্থকারীর সংখ্যা কমে যাওয়া ঘ) হাফিজ সাহাবি শাহাদত বরণ করায়

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সিফাত আজান হলেই মসজিদে গিয়ে মনোযোগসহকারে সালাত আদায় করে। সে কখনো সালাত ত্যাগ করে না।

**৩. কিয়ামতের দিন সিফাতের সালাত তার জন্য হবে -**
ক) দলিল খ) সুপারিশকারী গ) নুর ঘ) সঙ্গী

**৪. সিফাতের কাজের মাধ্যমে তার—**
i. আত্মা পরিশুদ্ধ হবে ii. ইমান মজবুত হবে iii. গুনাহসমূহ দুর হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. জিম আল্লাহর কাছে সবচেয়ে সম্মানিত হতে চায়। তার করণীয়—**
ক) প্রতারণা না করা খ) তাকওয়াবান হওয়া
গ) সচ্চরিত্রবান হওয়া ঘ) আমানত রক্ষা করা

**৬. রাফা শল্যচিকিৎসায় পারদর্শী হতে চায়। সে কাকে অনুসরণ করতে পারে?**
ক) ইবনে যাকারিয়া খ) ইবনে সিনা গ) ইবনে রুশদ ঘ) আল বিরুনি

**৭. মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালে তার সূর্য হাসে।— বাক্যটি কোন সূরার ভাবার্থের সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক) আল-মাউন খ) আল-ইনশিরাহ গ) আদ-দুহা ঘ) আত-তীন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জুলমত আলি অফিসের কাজের বিনিময়ে উৎকোচ নেওয়া অন্যায় মনে করে না। সে ব্যাংকের অতিরিক্ত অর্থও হালাল মনে করে।

**৮. জুলমত আলির মানসিকতা কীসের শামিল?**
ক) শিরক খ) কুফর গ) নিফাক ঘ) প্রতারণা

**৯. জুলমত আলির কাজের ফলে—**
i. পাপাচার বৃদ্ধি পায় ii. অনৈতিকতার প্রসার ঘটে iii. হতাশার সৃষ্টি হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. কিয়ামাতের দিন সর্বপ্রথম কীসের হিসাব নেওয়া হবে?**
ক) ইমানের খ) জীবনের গ) সালাতের ঘ) প্রতিশ্রুতির

**১১. ইসলামি সমাজব্যবস্থার মূল ভিত্তি কোনটি?**
ক) সচ্চরিত্র খ) তাকওয়া গ) শালীনতা ঘ) সাম্প্রদায়িক সম্প্রীতি

**১২. আরব যুবকদের কোন সিদ্ধান্তটি নিকৃষ্ট ছিল?**
ক) কন্যাসন্তানকে জীবন্ত প্রোথিত করা খ) মনস্তাপে ক্লিস্ট হওয়া
গ) আত্মগোপন করা ঘ) মুখমণ্ডল কালো করা

**১৩. হযরত উসমান (রা) ১৮,০০০ স্বর্ণমুদ্রা ব্যয় করেন কীসের জন্য?**
ক) মসজিদ সম্প্রসারণের জন্য খ) সৈন্যদের ব্যয়ভার বহনের জন্য
গ) ত্রাণ বিতরণের জন্য ঘ) কূপ ক্রয় করার জন্য

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রিসাদ জোর করে জমি লিখে নেওয়ার জন্য মতিনকে চাপ দেয়। মতিন রাজি না হওয়ায় একদিন তাকে তুলে নিয়ে যায়। এরপর আর তার খোঁজ পাওয়া যায়নি।

**১৪. রিসাদের কাজটিতে কী প্রকাশ পায়?**
ক) হিংসা খ) ফিতনা-ফাসাদ গ) প্রতারণা ঘ) ছিনতাই

**১৫. উক্ত কাজের ফলে—**
i. মানবিক মূল্যবোধ ধ্বংস হয় ii. সামাজিক ঐক্য বিনস্ট হয় iii. অরাজকতা দেখা দেয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. 'এবং আপনি কুরআনের সাহায্যে তাদের সাথে প্রবল জিহাদ চালিয়ে যান'— এখানে কোন জিহাদের কথা বলা হয়েছে?**
ক) জ্ঞানের সাহায্যে জিহাদ খ) স্বীয় নফসের বিরুদ্ধে জিহাদ
গ) প্রতারকদের বিরুদ্ধে জিহাদ ঘ) ইসলামের শত্রুদের বিরুদ্ধে জিহাদ

**১৭. শরিয়তের ভাষ্য অনুযায়ী প্রত্যেক বিষয় মুবাহ। এর দ্বারা প্রতীয়মান হয়—**
i. হারাম বস্তুর সংখ্যা সীমিত ii. হালালের সংখ্যা বেশি
iii. হালাল ও হারাম সুস্পস্ট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
'আমি খণ্ড খণ্ডভাবে কুরআন নাজিল করেছি'।

**১৮. এটি মূলত আল কুরআনের একটি—**
ক) অনন্য মর্যাদা খ) স্বাভাবিক বৈশিষ্ট্য
গ) বিশেষ মর্যাদা ঘ) অস্বাভাবিক বৈশিষ্ট্য

**১৯. এভাবে কুরআন নাজিল করার কারণ কী?**
i. প্রয়োজনের তাগিদে ii. মানুষকে সহজে বুঝানোর জন্য
iii. রাসুলের হৃদয়কে মজবুত করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২০. কুরআনের একটি নাম 'আল-মাওয়িযা'। এর অর্থ কী?**
ক) নিরাময় খ) উপদেশ গ) সুস্পষ্ট প্রমাণ ঘ) সদুপদেশ

**২১. সানি সাওম পালন করে। সে কোন সামাজিক শিক্ষালাভ করবে?**
ক) ঐক্য খ) আত্মিক প্রশান্তি গ) সহমর্মিতা ঘ) দৈহিক শক্তি

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
নাবিলা ও কারিমার মধ্যে ঝগড়া হয়ে কথা বলা বন্ধ ছিল। রাবিয়া তাদের মধ্যে কথা বলে উভয়ের মধ্যে মিটমাট করে আবার বন্ধুত্বের বন্ধনে আবদ্ধ করে দেয়। এখন তারা ঘনিষ্ঠ বান্ধবী।

**২২. রাবিয়ার কাজটিতে মহানবি (স)-এর জীবনের কোন ঘটনার প্রকাশ ঘটেছে?**
ক) মুহাজির-আনসার ভ্রাতৃত্বের খ) হিলফুল ফুজুল গঠনের
গ) হুদায়বিয়ার সন্ধির ঘ) মক্কা বিজয়ের

**২৩. মহানবি (স)-এর উক্ত কাজের ফলে—**
ক) মক্কাবাসী ক্ষমা পায়
খ) সমাজে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়
গ) মুসলমান ও কুরাইশদের মধ্যে বিবাদের অবসান ঘটে
ঘ) সামাজিক সম্পর্কের ক্ষেত্রে নবদিগন্তের উন্মোচন হয়

**২৪. 'তোমাদের জন্য আল্লাহর রাসুলের মধ্যে উত্তম আদর্শ রয়েছে'— কোন সূরার আয়াত?**
ক) আল-আহযাব খ) আল-আম্বিয়া গ) আল-আরাফ ঘ) আল-বাকারা

**২৫. সিহাব এ বছর হজ পালন করেছে। সে কোথায় আসর ও যোহর সালাত একত্রে আদায় করেছে?**
ক) মুযদালিফায় খ) মসজিদে নামিরায়
গ) মসজিদে খায়িফে ঘ) আরাফাতের ময়দানে

**২৬. কার জীবন থেকে মালিক ও শ্রমিকের মাঝে চমৎকার দৃষ্টান্ত পাওয়া যায়?**
ক) হযরত উমর (রা) খ) হযরত মুহাম্মদ (স)
গ) হযরত আনাস (রা) ঘ) হযরত আলি (রা)

**২৭. স্বদেশপ্রেমের সর্বোৎকৃষ্ট দৃষ্টান্ত কোনটি?**
ক) দেশের সম্পদ সংরক্ষণ খ) দেশের স্বাধীনতা রক্ষা
গ) দেশকে ভালোবাসা ঘ) দেশের জন্য জীবন উৎসর্গ করা

**২৮. কোন ব্যক্তির জন্য সিরাত সবচেয়ে বেশি আলোকিত হবে?**
i. ইমানদার ii. সচ্চরিত্রবান iii. বেশি নেক আমলকারী
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. কোন ব্যক্তি রাসুল (স)-এর উম্মত নয়?**
ক) যে প্রতারণা করে
খ) যে সত্যের সাথে মিথ্যার মিশ্রণ করে
গ) যে মুসলমানদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করে
ঘ) যে মানুষের দোষত্রুটি প্রকাশ করে

**৩০. 'তিনি ছিলেন প্রথম শ্রেণির গণিতবিদ। তিনি বীজগণিতের অসাধারণ অগ্রগতি সাধন করেন।'— কোন মনীষীর কথা বলা হয়েছে?**
ক) মুসা আল খাওয়ারেযমি খ) হাসান ইবনে হায়সাম
গ) উমর খৈয়াম ঘ) নাসির উদ্দিন তুসি

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আমাদের জীবনের পথচলার জন্য প্রয়োজন দিকনির্দেশনা। মনগড়া জীবন গড়ে কেউ জীবনে বেশিদূর আগাতে পারে না। যে অঙ্গ-প্রত্যঙ্গ, শরীর এবং এই হায়াতের মালিক আমি নই তাই মালিকের দিক-নির্দেশনা মেনে চলতে পারলেই জীবনে ভোগান্তি পোহাতে হবে না। আর তাই মানবজাতির হিদায়েতের জন্য আল্লাহ আল-কুরআন নাজিল করলেন।
ক. নাজিরা তিলাওয়াত কী? ১
খ. বুঝে শুনে ও চিন্তা গবেষণা সহকারে কেন কুরআন পড়া উচিত? ২
গ. 'কুরআন সমগ্র মানবজাতির দিক-নির্দেশনার জন্য নাজিল হলেও এই কুরআন থেকেই বর্তমান অধিকাংশ মানুষই গাফেল'– উদ্দীপকের আলোকে বর্তমান সমাজের প্রেক্ষাপটে আলোচনা করো। ৩
ঘ. ব্যক্তিজীবনে কুরআন যেভাবে মানুষের দিক-নির্দেশনা হিসেবে কাজ করে উদ্দীপক ও পাঠ্য বইয়ের আলোকে আলোচনা করো। ৪

২. জনাব শাকিল এবছর স্ত্রীকে নিয়ে হজব্রত পালন করতে যাওয়ার সময় তার বাল্যবন্ধু রশিদ সাহেবের নিকট বেশকিছু নগদ অর্থ ও স্বর্ণালংকার রেখে যান। হজব্রত পালন শেষে বাড়ি ফিরে উক্ত অর্থ ও জিনিসপত্র ফেরত চাইলে তিনি তা ফেরৎ দিতে অস্বীকার করেন। জনাব সিফাত দুই-তিন বছর যাবৎ একটি চাকরি নিয়ে কানাডা প্রবাসী। এদিকে তার স্ত্রী অমার্জিত পোশাক-পরিচ্ছদ পরিধান করে শহরে ঘুরে বেড়ায়। একদিন শহর থেকে বাড়ি ফেরার পথে কিছু যুবক তার গতিরোধ করে। ঘটনা শুনে তাকে উপদেশ দিতে গিয়ে তার শ্বশুর হাদিসটি শোনান- 'লজ্জাশীলতার পুরোটাই কল্যাণময়'।
ক. সাম্প্রদায়িক সম্প্রীতি কাকে বলে? ১
খ. 'হিংসা-ই হলো মুমিনের প্রধান শত্রু'- কথাটি ব্যাখ্যা করো। ২
গ. রশিদ সাহেবের আচরণে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব সিফাতের স্ত্রীর আচরণটি চিহ্নিতপূর্বক তার শ্বশুরের উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. বিশিষ্ট সমাজসেবক জনাব শফি মনে করেন, শুধু রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে কুরআনের আইন প্রতিষ্ঠিত এবং কার্যকর; কিন্তু বর্তমানে প্রযুক্তির যুগে কুরআনের বিধি- বিধানকে তিনি অকার্যকর বলে মনে করেন। তার বন্ধু জনাব হারুন মনে করেন, আল্লাহর আইন সর্বদা প্রযোজ্য এবং সেই সিদ্ধান্তের পরিমার্জনের প্রয়োজন নেই।
ক. সূরা আত-তীনে আল্লাহ কোন পর্বতের শপথ করেছেন? ১
খ. শরিয়তের দ্বিতীয় উৎস কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. জনাব শফির বক্তব্যের কারণে তার পরিণতি কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. হারুন সাহেবের মন্তব্য পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন করো। ৪

৪. কেবল মানুষের আস্থা ও বিশ্বাস লাভের আশায় জনাব ইকরাম মুখে দাঁড়ি রেখেছেন এবং লম্বা পাঞ্জাবি ও টুপি পরিধান করেন। তার প্রবল ইচ্ছা তিনি আগামি বছর চেয়ারম্যান পদে নির্বাচন করবেন; অথচ বাড়ি থাকাকালীন তিনি ঠিকমতো সালাত আদায় করেন না এবং গৃহস্থলির প্রয়োজনীয় ছোটখাটো বস্তু অন্যকে দেননা। সবসময় তিনি কার্পণ্য করেন।
ক. 'আল-মাউন' শব্দের অর্থ কী? ১
খ. সূরা মাউনের শিক্ষাগুলোর মধ্য থেকে দুটি শিক্ষা তুলে ধরো। ২
গ. জনাব ইকরাম সাহেবের কর্মকাণ্ড এবং এর পরিণতি তোমার পাঠ্যবইয়ের যে সূরার আলোকে বিশ্লেষণ করা সম্ভব তা তুলে ধরো। ৩
ঘ. জনাব ইকরাম সাহেবের বিপরীত চরিত্রটি কেবল আল্লাহর নিকট গ্রহণযোগ্য-আলোচনা করো। ৪

৫. আরব-সমাজে এমন এক প্রথা প্রচলিত ছিল, যার ফলে ধনী আরও ধনী হতো; আর গরিব ক্রমান্বয়ে নিঃস্ব হয়ে যেতো। এইটা ছিল শোষণের নামান্তর। তাই ইসলাম এটাকে হারাম ঘোষণা করে।
ক. সত্যবাদিতার আরবি প্রতিশব্দ কী? ১
খ. সুদ কী? হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে সংঘটিত অপরাধটি কুরআন ও হাদিসের আলোকে আলোচনা করো। ৩
ঘ. হাদিস শরিফে আযদ গোত্রের লোকের সাথে উদ্দীপকের ঘটনা সামঞ্জস্যপূর্ণ কি না আলোচনা করো। ৪

৬. আল্লাহর কিছু বিধান রয়েছে যা সকলের পালন করা অত্যাবশ্যক। আবার এমন কিছু বিধান রয়েছে, যা সমাজের কতিপয় মুসলমান আদায় করলে ব্যক্তির পক্ষ হতে আদায় হয়ে যায়।
ক. 'হাক্কুল ইবাদ' শব্দের অর্থ কী? ১
খ. 'হাক্কুল্লাহ' বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে আলোচিত আল্লাহর বিধান দুটির মধ্যে মূল পার্থক্য নিয়ে আলোচনা করো। ৩
ঘ. আল্লাহর বিধান পালনের মাধ্যমেই মানবজাতির মুক্তি অর্জন করা সম্ভব- উদ্দীপকের আলোচিত প্রথম বিধানের আলোকে আলোচনা করো। ৪

৭. রাজনৈতিক প্রভাব-বিস্তারকে কেন্দ্র করে জনাব শিহাব লোকমান সাহেবকে মারাত্মকভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করেন। কিছুদিন পর লোকমান সাহেব প্রতিশোধ নেওয়ার সুবর্ণ সুযোগ পেয়েও এ থেকে বিরত থাকেন। এ ধরনের উদারতা দেখে জনাব শিহাব চৌধুরীর মধ্যে বেশ পরিবর্তন আসে। তিনি প্রতিজ্ঞা করেন যে, কোনো মানুষের সাথে আর অন্যায় আচরণ করবেন না। সকল কাজকর্মে কুরআন ও হাদিসকে অনুকরণ করে চলবেন।
ক. মদিনা সনদের ধারা কয়টি? ১
খ. রাসুল (স)-এর জীবনাদর্শ অনুকরণীয় কেন? ২
গ. লোকমান সাহেবের আচরণে রাসুল (স)-এর কোন গুরুত্বপূর্ণ ঘটনার আদর্শ ফুটে উঠেছে? বিশ্লেষণ করো। ৩
ঘ. শিহাব সাহেবের পরিবর্তন বিদায় হজের ভাষণের আলোকে পর্যালোচনা করো। ৪

৮. জামিল সাহেব পুরান-ঢাকার একজন শিল্পপতি। তিনি এলাকার মানুষের পানির তীব্র সংকট দূর করার উদ্দেশ্যে দশ লক্ষ টাকা ব্যয় করে একটি পানির পাম্প স্থাপন করেন। এছাড়া এলাকায় মুসল্লিদের তুলনায় মসজিদ ছোট হওয়ায় তা সম্প্রসারণের ব্যবস্থা করেন। তার সহধর্মিণী মিসেস নাবিলা নিয়মিত সালাত আদায়ের পাশাপাশি ইসলামের মৌলিক বিষয়গুলো মেনে চলার আপ্রাণ চেষ্টা করেন। ব্যক্তিগত জীবনে তিনি সংসারের সকল কাজ নিজ হাতে সম্পাদন করেন।
ক. কোন সাহাবি তাবুক যুদ্ধে সকল সম্পদ ব্যয় করেছিলেন? ১
খ. হযরত উমর (রা) ছিলেন ন্যায় ও ইনসাফের এক মূর্ত প্রতীক– বুঝিয়ে লেখো। ২
গ. মিসেস নাবিলার কাজের মাধ্যমে কোন মহীয়সী নারীর আদর্শের মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. জামিল সাহেবের কার্যক্রম হযরত উসমান (রা)-এর জীবনাদর্শের আলোকে মূল্যায়ন করো। ৪

৯. মাহিন তার বন্ধু নাহিদকে বললো, "আর আবশ্যই আমি মানুষের জন্য এ-কুরআনে বিভিন্ন উপমা বিশদভাবে বর্ণনা করেছি।" [সূরা বনি ইসরাইল, আয়াত-৮৯।] কুরআনের আয়াতটি শুনে নাহিদ বললো, যেখানে আল্লাহ বলতে কিছু নাই সেখানে এই কিতাব তো কেবল মানুষের বানানো। সুতরাং এখান থেকে দলিল দিয়ে কোনো লাভ নেই।
ক. 'কুফর' শব্দের অর্থ কী? ১
খ. মাদানি সূরার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ২
গ. শরিয়তের প্রথম উৎসের আলোকে আল্লাহ তায়ালার পরিচয় তুলে ধরো। ৩
ঘ. উদ্দীপকের নাহিদ সাহেব আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করায় তিনি যে অপরাধ করেছেন, তার শাস্তির ব্যাপারে কুরআন থেকে আলোচনা করো। ৪

১০. আল্লাহর নির্ধারিত সীমার মধ্যে অবস্থানকারী ও সীমালঙ্ঘনকারীদের উদাহরণ হলো- একদল লোকদের ন্যায় যারা জাহাজের যাত্রী। লটারির মাধ্যমে একদল উপর তলার ও একদল নিচতলায় স্থান পেলো। নিচতলার লোকজন পানির প্রয়োজন হলে উপর তলায় পানি আনতে যায়। এমতাবস্থায় তারা বলল, আমরা যদি নিচে একটা ছিদ্র করে দেই, তবে উপরতলার লোকদের কষ্ট দেওয়া থেকে বাঁচা যেত। এখন যদি তারা (উপরতলার লোকজন)- বাধা দেয়, তবে নিজেরাও বাঁচবে। এবং সবাইকে বাঁচাতে পারবে। (বুখারি)
ক. আখলাকে হামিদাহ কাকে বলে? ১
খ. কুরআন তিলাওয়াত এর গুরুত্ব সম্পর্কে একটি হাদিস উল্লেখ করো। ২
গ. উদ্দীপকের হাদিসের আলোকে বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ করো। ৩
ঘ. উদ্দীপকের হাদিসে উল্লিখিত বিষয়টি সমাজ ও দেশ গঠনে কীভাবে ভূমিকা রাখবে বলে তুমি মনে কর? কুরআন ও হাদিসের আলোকে আলোচনা করো। ৪

১১. জুমআর খুতবায় ইমাম সাহেব মসজিদে আল-কুরআন থেকে একটি আয়াত-মুসল্লিদের পড়ে শোনালেন। উক্ত আয়াতটি ছিল, "অতঃপর সালাত শেষ হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড়ো এবং আল্লাহর অনুগ্রহ অনুসন্ধান করো।" (সূরা আল-জুমুয়া, আয়াত: ১০)
ক. 'সাওম' শব্দের অর্থ কী? ১
খ. আমি শিক্ষকরূপে প্রেরিত হয়েছি-হাদিসটি ব্যাখ্যা করো। ২
গ. কর্মবিমুখতা পরিহারের গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৩
ঘ. যুব সমাজের বর্তমান শিক্ষা কার্যক্রম শেষ করার পর বেকারত্বকে গ্রহণ করা কুরআনের আয়াতের পরিপন্থি- এই বিষয়ে গঠনমূলক আলোচনা করো। ৪

মডেল টেস্ট- ০৯

# বরিশাল জিলা স্কুল

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ইসলাম হলো–**
ক সীমাবদ্ধতার ধর্ম খ সর্বজনীন ধর্ম
গ আঞ্চলিক ধর্ম ঘ নীতি ও নৈতিকতার ধর্ম

**২. ইমান মানুষকে–**
i. সত্য ও সুন্দরের পথে পরিচালিত করে
ii. নৈতিক জীবনযাপনে উদবুদ্ধ করে
iii. বিদ্রোহী হতে শেখায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৩. পৃথিবীর সকল প্রকার জুলুমের মধ্যে সবচেয়ে বড় কী?**
ক কুপর খ নিফাক গ শিরক ঘ তাকাব্বরি

**৪. "পবিত্র কুরআন সংরক্ষিত ফলকে লিপিবন্ধ" রয়েছে কোন সূরায় ও কত আয়াতে বলা হয়েছে?**
ক সূরা আল-আলাকের ৩নং আয়াতে খ সূরা আল-হজের ২১নং আয়াতে
গ সূরা আল-মায়িদার ২২নং আয়াতে ঘ সূরা আল-বুরুজের ২২নং আয়াতে

**৫. শিক্ষার গুণাগুণ কী?**
i. মানুষের অন্তর চক্ষুকে খুলে দেয়
ii. ব্যর্থতা ও সফলতা সম্পর্কে অবগত করে
iii. নৈতিক ও উন্নত চরিত্রের অধিকারী করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৬. 'আল-বুরহান' শব্দের অর্থ কী?**
ক মহিমান্বিত খ প্রজ্ঞা গ সদুপদেশ ঘ সুস্পষ্ট প্রমাণ

**৭. নৈতিকতা ও চরিত্রসংক্রান্ত রীতিনীতি কীসের বিষয়বস্তু?**
ক শরিয়তের খ ইজমার গ সুন্নতের ঘ কিয়াসের

**৮. পিতা-মাতার জন্য খরচ করা কী?**
ক বাধ্যতামূলক খ দায়িত্ব গ দানশীলতা ঘ সুন্নতে মুয়াক্কাদা

**৯. মাক্কি সূরার বৈশিষ্ট্য নিচের কোনটি?**
ক পররাষ্ট্রনীতি খ ভাবগম্ভীর
গ শরিয়তের বিধি-বিধান ঘ আখিরাতের বর্ণনা

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'X' ব্যবসায় ব্যস্ততার কারণে সালাত আদায় করতে গিয়ে দুই সিজদার মাঝখানে সোজা না হয়ে পরপর সিজদাহ করে সালাত শেষ করল।

**১০. জনাব 'X' শরিয়তের কোন বিধান লঙ্ঘন করেছে?**
ক ফরজ খ ওয়াজিব গ সুন্নত ঘ মুস্তাহাব

**১১. জনাব 'X' যে বিধান লঙ্ঘন করেছে তার অনুরূপ বিধান–**
i. সূরা ফাতিহা পড়া ii. বিতরের সালাত iii. আযান ও ইকামত
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও iii ঘ i ও iii

**১২. 'অপকর্মের ফলে মানুষ মনুষ্যত্বের স্তর থেকে পশুত্বের স্তরে চলে যায়'– কোন সূরার শিক্ষা?**
ক সূরা আল মাউন খ সূরা আত-তীন
গ সূরা আদ-দুহা ঘ সূরা আশ-শামস্

**১৩. পবিত্র কুরআনে মুসলমানদের কী বলে আখ্যায়িত করেছেন?**
i. মধ্যমপন্থি জাতি ii. মানবজাতির জন্য সাক্ষ্যদাতা iii. অগ্রগামী জাতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৪. মানুষ ও অন্যান্য প্রাণীর মধ্যে পার্থক্য হলো–**
ক বিবেক ও জ্ঞান খ বিবেক, বুদ্ধি ও জ্ঞান
গ বুদ্ধি ও আখলাক ঘ বিবেক বুদ্ধি ও তাকওয়া

**১৫. সালাত মানব জাতিকে শিক্ষা দেয়–**
i. সময়ের গুরুত্ব ও শৃঙ্খলা
ii. নেতার অনুসরণ ও পরিচ্ছন্নতা
iii. পারস্পরিক সহযোগিতা ও সামাজিক বন্ধন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৬. মহান আল্লাহ তায়ালা কোন ব্যক্তির পূর্বের সমস্ত গুণাহ ক্ষমা করে দেন?**
ক রোজাদার ব্যক্তির খ সালাত আদায়কারীর
গ যাকাত আদায়কারীর ঘ নফল ইবাদতকারীর

**১৭. নিচের কোনটি হজের ওয়াজিব?**
ক তাওয়াফে যিয়ারত খ বিদায়ি তাওয়াফ
গ ইহরাম বাধা ঘ ১০ তারিখ মুযদালিফার অবস্থান

**১৮. ছাত্র-শিক্ষকের মাঝে কোন প্রকার সম্পর্ক বিদ্যমান?**
ক পিতা-পুত্রের খ আত্মার গ আন্তরিকতা ঘ ঔরসগত

**১৯. সত্য ও ন্যায়ের পক্ষে চেষ্টা করাকে বলে–**
ক আদল খ ইনসাফ গ জিহাদ ঘ তাকবির

**২০. সাম্প্রদায়িক সম্প্রীতি কী?**
ক পরস্পর সংহতি খ বিরূপ মনোভাব গ পরস্পর আলোচক ঘ পার্শ্বপ্রতিক্রিয়া

**২১. 'লজ্জাশীলতার পুরোটাই কল্যাণময়' কোন কিতাবে আছে?**
ক বুখারি শরিফে খ মুসলিম শরিফে গ তিরমিযি শরিফে ঘ নাসাই শরিফে

**২২. মানুষের পারিবারিক ও সামাজিক মূল্যবোধ ভেঙে দেয় কোন বিষয়টি?**
i. মানুষের শিষ্টাচার ii. মানুষের কুপ্রবৃত্তি iii. মানুষের কামনা-বাসনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii গ i ও iii ঘ ii ও iii

**২৩. প্রতিজ্ঞা কী?**
ক শালীনতা খ ঔদ্ধত্য গ ওয়াদা ঘ আমানত

**২৪. কোনটি সমাজদ্রোহী অপরাধ?**
ক প্রতারণা খ ঘুস গ কর্মবিমুখতা ঘ গিবত

**২৫. সূরা আল-ফালাকের পঞ্চম আয়াতে কাদের থেকে বাঁচার পানাহ চাওয়া হয়েছে?**
ক প্রতারকদের খ গিবতকারীদের গ ঘুসখোরদের ঘ হিংসুকের

**২৬. "তোমাদের মধ্যে যারা দুর্বল তাদের হক আদায় না করা পর্যন্ত তারা আমার নিকট শক্তিশালী" উক্তি কার?**
ক মহানবি (স)-এর খ হযরত আবু বকর (রা)-এর
গ হযরত উমর (রা)-এর ঘ হযরত আলি (রা)-এর

**২৭. আরবি সাহিত্যের অমূল্য সম্পদ কী?**
ক কুতুবে হানাফিয়াহ খ উলুমিদ্ দীন
গ দিওয়ানে আলি ঘ মুজামুল বুলদান

**২৮. স্পেন, সিজিস্তান ও ভারতবর্ষ ছাড়া সমগ্র মুসলিম বিশ্ব ভ্রমণ করেন কে?**
ক আল মোকাদ্দাসি খ আল-মাসুদি গ ইবনে খালদুন ঘ উমর খৈয়াম

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'ক' শ্রেণিকক্ষে প্রথম শ্রেণির একজন গণিতবিদ সম্পর্কে আলোচনায় বললেন যে, একজন মুসলিম মনীষী ঘন সমীকরণ এবং সংজ্ঞানুসারে এগুলোকে শ্রেণিভুক্ত করে বীজগণিতের অসাধারণ ব্যক্তিত্ব লাভ করেন।

**২৯. জনাব 'ক' কোন মুসলিম মনীষীর কথা বলেছেন?**
ক ইবনে খালেদুন খ হাসান ইবনে হাইসাম
গ উমর খৈয়াম ঘ আল খাওয়ারেযমি

**৩০. উদ্দীপকের এ মুসলিম মনীষীর রচিত গ্রন্থ হলো-**
ক কিতাবুল জিবার ওয়াল মুকাবালা খ মুজামুল বুলদান
গ কিতাবুল মানাযির ঘ কিতাবুল হিন্দ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সরকারি সতীশ চন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে-কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রিপন এবার এসএসসি পরীক্ষার্থী। তার ধারণা, সৃষ্টিকর্তা আল্লাহ তায়ালার মতো সূর্য, চন্দ্র, আগুন ইত্যাদিও শক্তিশালী। তার সহপাঠী ওমর মনে করে, পৃথিবীর নিয়ন্ত্রণকারী একমাত্র আল্লাহ ও সকল সৃষ্টি জীব তাঁর নিয়ন্ত্রণাধীন।

ক. তাওহিদ অর্থ কী? ১
খ. রিসালাত বলতে কী বোঝ? ২
গ. রিপনের উক্ত ধারণা তার জীবনে কী প্রভাব ফেলবে? বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি ওমরের ধারণার সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

২. শফিক সাহেব প্রতিষ্ঠিত রাজনীতিবিদ। তিনি মনে করেন, আল্লাহ মানুষকে কেবলমাত্র দুনিয়াবি জীবন দিয়ে পৃথিবীতে পাঠিয়েছেন। মানুষ এখানে তার বিবেক দিয়ে নিজেকে নিয়ন্ত্রণ করে একটি শান্তিপূর্ণ পৃথিবী প্রতিষ্ঠা করবে; কিন্তু তার বন্ধু কাসেম সাহেব, তার এ মতবাদ মেনে নিতে পারলেন না।

ক. মুনাফিকদের আলামত কয়টি? ১
খ. কুরআনকে কেন 'কুরআন' নামে নামকরণ করা হয়েছে? বুঝিয়ে লেখো। ২
গ. শফিক সাহেব, ইমানের কোন বিষয়টি এড়িয়ে গেলেন? ৩
ঘ. কাসেম সাহেব কেন শফিক সাহেবের মতবাদ' মেনে নিতে পারলেন না? বিশ্লেষণ করো। ৪

৩. আদনান ও মহসিন দুই বন্ধু। আদনান ইচ্ছাকৃতভাবে অমুসলমানদের অনুকরণ করেন এবং তাদের ধর্মীয় চিহ্ন ব্যবহার করেন। অন্যদিকে মহসীন আল্লাহ তায়ালার পাশাপাশি বিত্তবানদেরকে রিজিকদাতা মনে করেন এবং ফেরেশতাদের জগৎ পরিচালনাকারী হিসেবে মনে করেন।

ক. 'সিরাত' শব্দের অর্থ কী? ১
খ. শাফাআত বলতে কী বোঝ? ২
গ. আদনান সাহেবের কর্মকাণ্ড কীসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. মহসীন সাহেবের বিশ্বাসের পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. নবম শ্রেণির ছাত্র রফিক। সে তার বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষকের কাছে আখিরাত সম্পর্কে কিছু ধারণা পায়। সে আরও তথ্য জানার জন্য মসজিদের ইমাম সাহেবের কাছে গিয়ে এই বিষয়ে পূর্ণাঙ্গ ধারণা চায়। ইমাম সাহেব তাকে পূর্ণাঙ্গ ধারণা দেন তারপর আখিরাতের সম্বল কী ধরনের এবং কীভাবে সম্বল অর্জন করা যাবে সে বিষয়ে ধারণা দেন।

ক. 'আফলাহ' শব্দের অর্থ কী? ১
খ. তীন ও যাইতুন বলতে কী বোঝ? ২
গ. সৎকর্মশীল ও নৈতিক জীবন গঠনে উদ্দীপকে উল্লেখিত বিষয়ের প্রতি বিশ্বাসের ভূমিকা বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত সময়ে সুফল কীভাবে অর্জন করা যাবে? বর্ণনা করো। ৪

৫. রাসেল একজন দোকানদার। তার দোকানে কোনো খারাপ পণ্য নেই। ২/১টি খারাপ পণ্য থাকলেও তা ক্রেতার নিকট বিক্রি করেন না। কোনো অবস্থাতে তিনি পণ্যের দোষত্রুটি গোপন করেন না। তার এমন আচরণ দেখে মসজিদের ইমাম সাহেব বলেন, এমন ভালো লোকের সব কাজই আশ্চর্যজনক। এরকম কাজ থেকে ভালো লোক ছাড়া অন্য কেউ উপকৃত হতে পারে না।

ক. 'সুন্নাহ' অর্থ কী? ১
খ. সনদ ও মতনের মধ্যে পার্থক্য কী? ২
গ. উদ্দীপকে রাসেলের কর্মকাণ্ডে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইমাম সাহেবের মূল্যায়নের যথার্থতা সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. জনাব 'ক' দুনিয়ার প্রতি যতটা আগ্রহী আখিরাতের বেলায় ততটা উদাসীন। সে ঠিকমতো সালাত আদায় করে না। সালাতে এদিক ওদিক দৃষ্টিপাত করে। মানুষকে ছোট-খাটো কিছু দিতে অস্বীকার করে। অপরদিকে, দরিদ্র 'খ' তাহাজ্জুদের সালাত শেষে মুনাজাতে বলে, "শ্রেষ্ঠতম বিচারক আল্লাহ পরকালে আমার মর্যাদা সর্বনিম্নস্তরে নামিয়ে দিও না। ভাগ্য পরিবর্তনকারী আল্লাহ। আমার মৃত্যু পবিত্র নগরীতে নসিব করিও।"

ক. 'ফারগাব' শব্দের অর্থ কী? ১
খ. তাকরিরি হাদিস বলতে কী বোঝ? ২
গ. জনাব 'ক' এর কাজটি সংশ্লিষ্ট সূরার আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব 'খ' এর কর্মের সাথে কোন সূরার বক্তব্যের মিল রয়েছে? উক্ত সূরার অর্থ লেখো। ৪

৭. জনাব আসলাম সাহেব ইসলামের বিধি-বিধান পালনের পাশাপাশি প্রচুর দান-সদকা করেন এবং ইয়াতীমদের সাথে ভালো আচরণ করেন। পক্ষান্তরে, তার ভাই আকরাম সাহেব পূর্ববর্তী জাতিসমূহে তাদের নবিদের অবাধ্য হওয়ার কারণে তাদের কী পরিণতি হয়েছিল তা জেনেও বিভিন্ন পাপ কাজ করেন।

ক. শরিয়তের তৃতীয় উৎস কী? ১
খ. কিয়াস বলতে কী বোঝ? ২
গ. কোন সূরার শিক্ষার প্রভাবে জনাব আসলাম সাহেব ইয়াতীমদের সাথে সুন্দর আচরণ করেন– ব্যাখ্যা করো। ৩
ঘ. আকরাম সাহেবের কাজের পরিণতি সংশ্লিষ্ট সূরার আলোকে বিশ্লেষণ করো। ৪

৮. জনার ওসমান সাহেব উদার ও উন্নত চরিত্রের অধিকারী। মানুষ ও অন্যান্য সৃষ্টির প্রতি তার অনেক দরদ। তিনি ক্ষুধার্তকে অন্নদান করেন, বস্ত্রহীনকে বস্ত্রদান করেন। অসহায়দের আশ্রয় দেন এবং রোগীর সেবা করেন। অন্যদিকে, জনাব আব্দুল কাদির, নারীদেরকে যেমন শ্রদ্ধা করেন তেমনি তাদের প্রতি সদয় আচরণ করেন।

ক. ইবাদত কত প্রকার? ১
খ. মুবাহ বলতে কী বোঝ? ২
গ. জনাব ওসমান সাহেবের কার্যাবলি আখলাকে হামিদাহর কোন গুণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আব্দুল কাদিরের চরিত্র মহানবি (স)-এর চারিত্রিক গুণাবলি অনুসরণের প্রতিফলন- বিশ্লেষণ করো। ৪

৯. রাতুল ও আকিব বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে অধ্যয়নরত। রাতুল তার জীবনকে সঠিকভাবে পরিচালনার জন্য কুরআন ও হাদিসের পরিপূর্ণ অনুসরণ করে। কিন্তু আকিব তার ব্যতিক্রম। সে শুধু কুরআনকে অনুসরণ করে, হাদিসকে অনুসরণ করে না।

ক. সাওমের প্রতিশব্দ কী? ১
খ. সুন্নতে মুয়াক্কাদাহ ও সুন্নতে যায়িদা বলতে কী বোঝ? ২
গ. আকিবের ধারণা কি সঠিক? তোমার মতের পক্ষে প্রমাণ দাও। ৩
ঘ. উল্লিখিত কাজের জন্য রাতুল আল্লাহ তায়ালার নিকট কী পুরস্কার পাবে? বিশ্লেষণ করো। ৪

১০. ডিজিটাল বাংলাদেশ শীর্ষক আলোচনার প্রধান অতিথি গণিতে মুসলমানদের অবদান প্রসঙ্গে একজন মনীষীর জীবনী তুলে ধরেন। যিনি গ্রিকদের ভুল ধারণা খণ্ডন করেন এবং যিনি চক্ষু বিজ্ঞানী ছিলেন। দ্বিতীয় বক্তা বলেন, জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির চর্চার মাধ্যমে মুসলমানরা একসময় সারাবিশ্বে নেতৃত্ব দিয়েছিল। বাঙালিরাও জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিতে পারদর্শী হলে ডিজিটাল বাংলাদেশই শুধু গড়বে না বরং সারাবিশ্বের নেতৃত্ব দিতে পারবে।

ক. হজ ইসলামের কততম ভিত্তি? ১
খ. হজের ফরজ কয়টি ও কী কী? ২
গ. প্রধান অতিথি তার বক্তব্যের মাধ্যমে কোন মনীষীর প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. দ্বিতীয় বক্তার বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

১১. শিক্ষা সপ্তাহ প্রোগ্রামে আমন্ত্রিত একজন অধ্যাপক দুজন আত্মমর্যাদাসম্পন্ন জ্ঞানীর উদ্ধৃতি দেন। প্রথম জন সামাজিক বিজ্ঞানের কিছু নতুন তত্ত্ব আবিষ্কার করেন এবং দেশব্যাপী সাড়া ফেললে রাষ্ট্রপ্রধান তাকে প্রেসিডেন্ট প্রাসাদে ডেকে পাঠান। তিনি আত্মমর্যাদাবোধের কারণে তা প্রত্যাখ্যান করেন। দ্বিতীয় জন রাষ্ট্রের বিভিন্ন আইনের তত্ত্বকে বোর্ড গঠনের মাধ্যমে সহজ করে জনসাধারণের কাছে তুলে ধরেন। এজন্য সরকার তাকে গুরুত্বপূর্ণ পদ দিতে চাইলে তা তিনি নেননি। আলোচক তার প্রসঙ্গে বলেন, তিনি জ্ঞানীর আত্মমর্যাদাকে সমুন্নত করেছেন।

ক. আর রিবা শব্দের অর্থ কী? ১
খ. জাবির ইবনে হাইয়ান কোন বংশে এবং কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? ২
গ. অধ্যাপকের আলোচনায় প্রথমোক্ত ব্যক্তির গুণে কোন মনীষীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দ্বিতীয় জন প্রসঙ্গে আলোচকের মন্তব্যের সঠিকতা সংশ্লিষ্ট মনীষীর জীবনাদর্শের আলোকে নিরূপণ করো। ৪

## মডেল টেস্ট- ১০

# ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**(বহুনির্বাচনি অভীক্ষা অংশ)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ইসলাম দ্বারা কী বোঝায়?**
ⓚ শান্তি ⓚ আত্মসমর্পণ ⓖ নিরাপত্তা ⓖ শান্তিপূর্ণ ধর্ম

**২. কোন কাজ কুফরের দৃষ্টান্ত?**
i. আল্লাহর অস্তিত্ব অস্বীকার করা
ii. আল্লাহর সাথে কাউকে অংশীদার করা
iii. হারাম জিনিস হালাল হিসেবে গ্রহণ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩. শানে নুযুল অর্থ কী?**
ⓚ অবতীর্ণের পটভূমি ⓚ অবতীর্ণ হওয়ার সময়
ⓖ উষ্ট্রের গল্প ⓖ রাসুল (স)-এর মর্যাদা

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
হামিদ নিয়মিত নামাজ আদায় করে কিন্তু তকদিরে বিশ্বাস করে না।

**৪. হামিদের বিশ্বাসের ভাষ্যটি কী হতে পারে?**
ⓚ নিফাক ⓚ কুফর ⓖ শিরক ⓖ ফিসক

**৫. এ ধরনের বিশ্বাসের পরিণতি—**
i. তার ধৈর্য আছে ii. সে আল্লাহর প্রতি অকৃতজ্ঞ iii. সে হতাশ হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬. সূরা আস-শামস কোথায় অবতীর্ণ হয়?**
ⓚ মক্কায় ⓚ তায়েফে ⓖ মদিনায় ⓖ উহুদে

**৭. সূরা আদ-দুহার আয়াত সংখ্যা কতটি?**
ⓚ ৭ ⓚ ৮ ⓖ ১০ ⓖ ১১

**৮. কোন কাজের মাধ্যমে হজের শুরু হয়?**
ⓚ ইহরাম ⓚ তাওয়াফ
ⓖ সাঈ ⓖ আরাফাতে উপস্থিত হওয়া

**৯. হজ সম্পাদনের জন্য মক্কার অধিবাসীদের কতবার তাওয়াফ করতে হয়?**
ⓚ দুইবার ⓚ তিনবার ⓖ চারবার ⓖ একবার

**১০. 'আল-আহদু' অর্থ কী?**
ⓚ সৌজন্য ⓚ পরিচ্ছন্নতা ⓖ ওয়াদা রক্ষা করা ⓖ অশান্তি

**১১. 'আমি উত্তম চারিত্রিক গুণাবলিকে পূর্ণতা দানের জন্য প্রেরিত হয়েছি' কোন গ্রন্থ থেকে হাদিসটি নেওয়া হয়েছে?**
ⓚ বুখারি শরিফ ⓚ মুসলিম শরিফ ⓖ তিরমিযি শরিফ ⓖ বায়হাকি

**১২. বিচারের মাপকাঠিতে কোনটি সবচেয়ে ভারী হবে?**
ⓚ সালাত ⓚ সাওম ⓖ সামাজিক সেবা ⓖ চরিত্র

**১৩. কোন ইবাদতকে ঢালস্বরূপ তুলনা করা হয়েছে?**
ⓚ সাওম ⓚ যাকাত ⓖ সালাত ⓖ হজ

**১৪. সহিহ বুখারিতে অন্তর্ভুক্ত হাদিস কয়টি?**
ⓚ ৭৬৭২ ⓚ ৭২৭৫ ⓖ ৭৫৭২ ⓖ ৭৩৭৬

**১৫. 'কানুন ফিত-তিবব' কে লিখেছেন?**
ⓚ ইবনে সিনা ⓚ ইবনে রুশদ
ⓖ জাবির ইবনে হাইয়ান ⓖ আল বিরুনি

**১৬. হাদিসের অন্তর্ভুক্ত বাণী হলো—**
i. মুহাম্মদ (স)-এর ii. সাহাবিদের iii. ইসলামিক গবেষকদের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৭. সূরা আল-শামসে প্রধানত বর্ণিত হয়েছে—**
i. আল্লাহর অনুগ্রহ সম্পর্কে ii. ছামুদ গোত্র সম্পর্কে
iii. মুহাম্মদ (স)-এর মর্যাদা সম্পর্কে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৮. সিরাত কোথায় অবস্থিত?**
ⓚ জান্নাতের উপর ⓚ জান্নাতের নিচে
ⓖ জাহান্নামের পাশে ⓖ জাহান্নামের উপর

**১৯. আদ-দুহা অর্থ কী?**
ⓚ অনুগ্রহ ⓚ উপদেশ
ⓖ আলো ⓖ সকালের সময়

**২০. 'ফেরাউন' অর্থ কী?**
ⓚ পড়া ⓚ পালন করা
ⓖ ধরা ⓖ বিচ্ছিন্ন করা

**২১. 'বায়তুল ইযযাহ' অবস্থিত—**
ⓚ প্রথম আসমানে ⓚ লাওহে মাহফুজে
ⓖ মক্কায় ⓖ জান্নাতে

**২২. 'উখওয়াতু' অর্থ কী?**
ⓚ ধৈর্য ⓚ ভ্রাতৃত্ব
ⓖ ভালো ⓖ সম্মান

**২৩. আখলাক জীবনের কোন ক্ষেত্রে অন্তর্ভুক্ত?**
i. ব্যক্তিগত
ii. সামাজিক
iii. আন্তর্জাতিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪. কিয়াসের মূলনীতি কয়টি?**
ⓚ ৩ ⓚ ৪ ⓖ ৫ ⓖ ৬

**২৫. কুরআন সংকলন কমিটির প্রধান কাকে বানানো হয়েছিল?**
ⓚ আব্দুল্লাহ ইবনে জুবায়ের (রা) ⓚ যায়েদ ইবনে সাবিত (রা)
ⓖ উসমান (রা) ⓖ সাইদ ইবনে আল আস (রা)

**২৬. ইমানের ক্ষেত্র কয়টি?**
ⓚ দুই ⓚ তিন
ⓖ পাঁচ ⓖ সাত

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাবের নিয়মিত নামাজ আদায় করে কিন্তু সে মুসলিমদের গোপন তথ্য শত্রুদের কাছে প্রকাশ করে দেয়। এছাড়া সে প্রতিবেশীর সম্পদ আত্মসাৎ করে।

**২৭. জনাব সাবেরকে কী বলা হবে?**
ⓚ পাপিষ্ঠ মুসলিম ⓚ মুনাফিক
ⓖ কাফির ⓖ ফাসিক

**২৮. তার কর্ম কীভাবে সমাজকে প্রভাবিত করবে?**
i. শান্তি ও শৃঙ্খলা নষ্ট করবে
ii. সমাজকে কলুষিত করবে
iii. মুসলিমদের দুর্বল করবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৯. 'আতিক' কার উপাধি?**
ⓚ হযরত আবু বকর (রা) ⓚ হযরত উমর (রা)
ⓖ হযরত উসমান (রা) ⓖ হযরত আলি (রা)

**৩০. কোন সুরায় রাসুল (স)-এর বক্ষকে প্রশস্ত করার কথা বলা হয়েছে?**
ⓚ সূরা আস-শামস ⓚ সূরা আদ-দুহা
ⓖ সূরা আল-মাউন ⓖ সূরা আল-ইনশিরাহ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরগুনা জিলা স্কুল

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : 1 1 1**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আবু রায়হান মনে করে পৃথিবীতে বিভিন্ন ধর্মের প্রচলন থাকলেও জীবন পরিচালনার জন্য মানুষের জ্ঞান, বিবেক এবং বুদ্ধিই যথেষ্ট। তার বন্ধু দ্বিমত পোষণ করে বলে, সুষ্ঠু ও সুন্দরভাবে জীবন পরিচালনার জন্য ইসলামের কোনো বিকল্প নেই। কেননা ইসলামই হলো একটি পরিপূর্ণ জীবনব্যবস্থা।

ক. তাওহিদ কী? ১
খ. খতমে নবুয়ত বলতে কী বোঝায়? ২
গ. আবু রায়হানের ধারণাটি ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. আবু রায়হানের বন্ধুর বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

২. সাকিব ও সফিক নৌকাযোগে নদী ভ্রমণে বের হয়। নদীতে জেলেদেরকে মাছ ধরতে দেখে সাকিব বলে, সবই আল্লাহর অফুরন্ত নেয়ামত, যা তিনি বান্দাদেরকে দান করেছেন। একথা শুনে সফিক বলে, তোমার একথা ঠিক নয়। বরং এসব প্রাকৃতিকভাবেই সৃষ্টি হয়েছে।

ক. রিসালাত কী? ১
খ. আল-কুরআনকে 'আল-কুরআন' বলা হয় কেন? ২
গ. সাকিব এর বক্তব্যে ইমানের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সফিকের বক্তব্যে যা প্রকাশ পেয়েছে তার কুফল আলোচনা করো। ৪

৩. আরিফ সাহেব জীবনের প্রতিটি মুহূর্তকে মূল্যবান মনে করেন। একবার তার দোকানে আগুন লেগে সবকিছু ভস্মীভূত হলেও তিনি ধৈর্যহারা হননি। যথাসময়ে আল্লাহর ইবাদতে আত্মনিয়োগ করেন। তার ছেলেকে উপদেশ দিয়ে বলেন, তুমি এমন লোকদের সাথে চলাফেরা করবে যাদের দেখলে আল্লাহর কথা স্মরণ হয়।

ক. 'বালাদুল আমিন' বলতে কোন নগরীকে বুঝানো হয়েছে? ১
খ. তাকরিরি হাদিস বলতে কী বোঝায়? ২
গ. আরিফ সাহেবের আচরণ কোন সূরার বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ ব্যাখ্যা করো। ৩
ঘ. আরিফ সাহেবের উপদেশটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ৪

৪. আসলাম সমাজসেবক হিসেবে পরিচিত। তিনি সমগ্র সৃষ্টির কল্যাণের উদ্দেশ্যে রাস্তার পাশে প্রচুর গাছপালা রোপণ করেন। কেননা তিনি মনে করেন এটা পুণ্যের কাজ। তার এরকম উদ্যোগ দেখে জনৈক ব্যক্তি বলল, আসলাম ভাই আপনার কাজের মধ্যে উত্তম মানুষের গুণ ফুটে উঠেছে।

ক. ইমাম মালিক (র)-এর গ্রন্থের নাম কী? ১
খ. মহানবি (স)-এর সময় প্রাথমিকভাবে হাদিস লেখা নিষেধ ছিল কেন? ২
গ. আসলামের কর্মকাণ্ডে কীসের প্রতি উৎসাহ দেওয়া হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনৈক ব্যক্তির মতামত সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. আলমগীর সাহেব একজন ব্যবসায়ী। অসৎ উপায়ে প্রচুর অর্থ সম্পত্তির মালিক হয়েছেন। তিনি সালাত ও যাকাত আদায়ে উদাসীন। কিন্তু প্রতি বছর হজ পালন করেন। তিনি মনে করেন, হজ আদায়কারীকে আল্লাহ সদ্যোজাত শিশুর মতো নিষ্পাপ করে দেন। বিষয়টি তার বন্ধু হাসান জানতে পেরে মন্তব্য করেন- তোমার হজ আল্লাহর কাছে গ্রহণযোগ্য নয়।

ক. শিক্ষাহীন জাতি কীসের মতো? ১
খ. যাকাত দানের মূল উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
গ. আলমগীর সাহেবের মনোভাব শরিয়তের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. আলমগীর সাহেবের হজ পালন সম্পর্কে হাসানের বক্তব্যের যথার্থতা নির্ণয় করো। ৪

৬. মামুনের স্কুলের ক্যান্টিনে শিক্ষা উপকরণের পাশাপাশি বিভিন্ন নাস্তা পাওয়া যায়। প্রতিটি পণ্যের সাথে মূল্য লেখা আছে। তবে কোনো সেলসম্যান নেই। টিফিন পিরিয়ডে শিক্ষার্থীরা নিজেদের প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে মূল্য হিসাব করে নির্দিষ্ট বক্সে টাকা রেখে যায়।

ক. তাযকিয়াতুন নাফস কী? ১
খ. জিহাদ কত প্রকার ও কী কী? ২
গ. শিক্ষার্থীদের আচরণে কোন গুণের প্রকাশ পেয়েছে? বুঝিয়ে লেখো। ৩
ঘ. আদর্শ সমাজ গঠনে শিক্ষার্থীদের উক্ত আচরণের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭. আকবর সাহেব উচ্চ শিক্ষিত হলেও তার কথাবার্তা ও আচার আচরণে সৌজন্যবোধের চিহ্নমাত্র নেই। তার চাল-চলন, ওঠা-বসা, লেনদেন সবকিছু আপত্তিকর। অপরদিকে, তারই বন্ধু রাকিব সাহেবের সততা, সদাচার, সুন্দর স্বভাব, মিষ্টিকথা ও উন্নত চরিত্রে সবাই মুগ্ধ।

ক. আখলাক কী? ১
খ. 'আত্মশুদ্ধি হলো সফলতার মাধ্যম' ব্যাখ্যা করো। ২
গ. আকবর সাহেবের শিক্ষায় কোন দিকটির অভাব রয়েছে? ৩
ঘ. রাকিবের এরূপ আচরণ ইসলামের আলোকে আলোচনা করো। ৪

৮. আল-আমিন ও মুহসিন উভয়েই পরিবার নিয়ে ঢাকায় থাকেন এবং একই অফিসে চাকরি করেন। আল-আমিন সাহেব যে বেতন পান তা খরচের বিভিন্ন খাতে বিভক্ত করে সারা মাস স্বাভাবিকভাবে পার করেন। অন্যদিকে মুহসিন সাহেব বেতন পেয়ে মাসের শুরুতে বেহিসেব খরচ করতে থাকেন। ফলে মাস শেষে তাকে টানাটানির মধ্যে পড়তে হয়।

ক. আমানত কী? ১
খ. 'সুন্দর ব্যবহারই পুণ্য'- ব্যাখ্যা করো। ২
গ. আল-আমিন সাহেবের মধ্যে কোন গুণটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. মুহসিন সাহেবের উক্ত গুণটির প্রয়োজনীয়তা তুলে ধরো। ৪

৯. আজকাল সামাজিক যোগাযোগ মাধ্যমে কিছু লোক পরস্পর পরস্পরের কুৎসা বর্ণনা করে থাকে। অথচ এ বিষয়গুলো মুহূর্তেই গোটা পৃথিবীতে ছড়িয়ে পড়ছে। এতে অনেকের সম্মান ভূলুণ্ঠিত হয়।

ক. আখলাকে যামিমাহ কী? ১
খ. পরমতসহিষ্ণুতা সামাজিক শান্তি প্রতিষ্ঠায় কীভাবে কাজ করে? ২
গ. উদ্দীপকের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. এ ধরনের লোকদের পরিণতি তোমার পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট আয়াত ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. একটি মুসলিম দেশের রাষ্ট্রপ্রধান জনাব 'ক' অত্যন্ত বিচক্ষণতা ও নিরপেক্ষতার সাথে বিচার ফয়সালা করার কারণে দেশের মানুষেরা অনিবার্য রক্তপাত থেকে বেঁচে যায়। তার সময়কাল শেষ হওয়ার পূর্ব মুহূর্তে তিনি জনতার উদ্দেশ্যে ভাষণে বলেন, তোমাদের পথপ্রদর্শনের জন্য দুটো জিনিস রইলো। যতদিন তোমরা তা আঁকড়ে ধরে রাখবে ততদিন তোমরা পথভ্রষ্ট হবে না।

ক. হারবুল ফিজার কী? ১
খ. আইয়ামে জাহিলিয়া বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের রাষ্ট্রপ্রধানের কার্যকলাপের সাথে কোন মহামানবের কাজের মিল আছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শেষ বক্তব্যটি চিহ্নিত করে বিশ্লেষণ করো। ৪

১১. সোহান একজন অনাথ বালক। সে একটি বাসায় থেকে লেখাপড়া করে। বাসার লোকজনেরা তাকে পরিবারের সদস্যের মতো ভালোবাসেন। তারা নিজেরা যা খায়, তাকেও তাই খেতে ও পরতে দেয়। কোনো খারাপ আচরণ করে না।

ক. কত হিজরি সনে বিদায় হজ অনুষ্ঠিত হয়েছে? ১
খ. হযরত উসমান (রা)-কে কেন জামিউল কুরআন বলা হয়? ২
গ. সোহানের প্রতি পরিবারটির আচরণে বিদায় হজের ভাষণের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'তোমরা নারী ও শিশুদের প্রতি সদ্ব্যবহার করো' আল কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০২ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৩ : আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৪ : আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৫ : রংপুর জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৬ : রাজশাহী ক্যাডেট কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-০৭ : চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ⓐখ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০৮ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৯ : বরিশাল জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-১০ : ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |